# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Boishakh 06, 1431 Bangla, April 19, 2024, Friday, No. 110, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina emphasizes on research stating no country can progress without research; calls for strict adherence to international norms on hygiene as well as packaging in agricultural production and processing. [VOA: 9]

AL GS and Road Transport and Bridges Minister Obaidul Quader says, Upazilla election will be held in a free, fair and transparent manner; for strategic reason in the context of BNP's anti-election stance Awami League is not allocating BOAT symbol. [VOA: 8]

State Minister for Information and Broadcasting Mohammad Ali Arafat seeks the cooperation of Indian institutions to prevent propaganda. [Jago FM: 17]

BNP SJSG Ruhul Kabir Rizvi alleged law enforcing agencies killed 20 BNP leaders and activists from October 28 to January 7. [R. Today: 13]

Process of merging public and private sector banks to overhaul the banking sector may take four to five years; fear of layoffs affects weaker bank staffs. [BBC: 4]

Economic situation in Bangladesh could deteriorate if war in Middle East escalates and prolongs; analysts and traders express concern about consequences for region's labor market and export industry. [DW: 11]

Although certificates of about 8,000 fake freedom fighters are cancelled, no action taken yet against them for deceit or fraud; there is no effective initiative to return paid government allowance either. [BBC: 6]

On Thursday, country's stock market fell sharply. Shares and unit prices of most of the companies fell, along with major declines in all indices. [Jago FM: 21]

Teenager killed in clash between two teenage gangs over setting up Baishakhi fair stall in Noakhali. [R. Today: 14]

'Tetulia Corridor' – A new demand for transit through Bangladesh became a burning issue in Jalpaiguri and Cooch Behar ahead of India's national election. [BBC: 3]

Exam boycott continues in BUET even after the eid holiday, students persist in their six-point demand. Only 8 students participated in first exam. [Jago FM: 20]

# দৈনিক মনিটরিং রিপোর্ট
## মনিটরিং পরিদপ্তর
## বাংলাদেশ বেতার, ঢাকা
## বৈশাখ ০৬, বাংলা ১৪৩১, এপ্রিল ১৯, ২০২৪, শুক্রবার, নং-১১০, ৫৪তম বছর

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গবেষণামূলক কাজের ওপর গুরুত্বারোপ করে বলেছেন, গবেষণা ছাড়া কোনো দেশ এগিয়ে যেতে পারে না; কৃষি উৎপাদন এবং এর প্রক্রিয়াজাতকরণে পরিষ্কার-পরিচ্ছন্নতার পাশাপাশি প্যাকেজিংয়ের ক্ষেত্রে আন্তর্জাতিক নিয়ম অনুসরণ করার আহ্বান। [ভোয়াঃ ৯]

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, উপজেলা পরিষদ নির্বাচন অবাধ, নিরপেক্ষ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হবে; বিএনপির নির্বাচনবিরোধী অবস্থানের প্রেক্ষাপটে দলকে কৌশলী অবস্থান নিতে আওয়ামী লীগ এবার নৌকা প্রতীক বরাদ্দ দিচ্ছে না। [ভোয়াঃ ৮]

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত অপপ্রচার ঠেকাতে ভারতীয় প্রতিষ্ঠানগুলোর সহযোগিতা চেয়েছেন। [জাগো এফএম: ১৭]

২৮শে অক্টোবর থেকে ৭ জানুয়ারি পর্যন্ত বিএনপি'র ২০ নেতাকর্মীকে হত্যা করেছে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এমন অভিযোগ করেছেন দলটি সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভী। [রেডিও টুডেঃ ১৩]

ব্যাংকিং খাত সংস্কারের উদ্দেশ্যে সরকারি ও বেসরকারি খাতের ব্যাংক একীভূতকরণ প্রক্রিয়া সম্পন্ন করতে সময় লাগতে পারে চার থেকে পাঁচ বছর; ছাঁটাই নিয়ে দুর্বল ব্যাংকের কর্মীদের মধ্যে উদ্বেগ-উৎকণ্ঠা। [বিবিসিঃ ৪]

মধ্যপ্রাচ্যে সংকট বাড়লে, যুদ্ধ বিস্তৃত ও দীর্ঘায়িত হলে বাংলাদেশে অর্থনৈতিক সংকট বাড়বে; রপ্তানি খাতে ও মধ্যপ্রাচ্যে শ্রমবাজারে নেতিবাচক প্রভাব পড়ার শঙ্কা বিশ্লেষক এবং ব্যবসায়ীদের। [ডয়েচে ভেলেঃ ১১]

প্রায় আট হাজার ভুয়া মুক্তিযোদ্ধার সনদ বাতিল হলেও প্রতারণা বা মিথ্যা তথ্য দিয়ে সনদ নেয়ার অভিযোগে তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেয়া হয়নি; কার্যকর উদ্যোগ নেই প্রদানকৃত সরকারি ভাতার টাকা ফেরত আনার। [বিবিসিঃ ৬]

বৃহস্পতিবার, ১৮ই এপ্রিল দেশের শেয়ারবাজারে ঢালাও দরপতন হয়েছে। সিংহভাগ প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম কমার পাশাপাশি সবকটি মূল্যসূচকের বড় পতন হয়েছে। [জাগো এফএম: ২১]

নোয়াখালীতে বৈশাখী মেলা বসানোকে কেন্দ্র করে দুই কিশোর গ্যাং এর সংঘর্ষে এক কিশোর নিহত।[রেডিও টুডেঃ ১৪]

ভারতের জাতীয় নির্বাচনে 'তেঁতুলিয়া করিডোর' দিয়ে ট্রানজিটের নতুন দাবিতে সরগরম জলপাইগুড়ি ও কোচবিহার রাজ্যের ভোটের ইস্যু। [বিবিসিঃ ৩]

ঈদের ছুটির পরও বুয়েটে চলছে পরীক্ষা বর্জন, ছয় দফা দাবিতে অটল শিক্ষার্থীরা । প্রথম পরীক্ষায় মাত্র ৮ জন শিক্ষার্থীর অংশগ্রহণ। [জাগো এফএম: ২০]

# বিবিসি

## তেঁতুলিয়া দিয়ে ট্রানজিটের নতুন যে দাবি ভারতে ভোটের ইস্যু

বাংলাদেশ ভারতকে সম্প্রতি রেল, সড়ক বা নদীপথেও নানাভাবে ট্রানজিট সুবিধা দিয়েছে। এখন সম্পূর্ণ নতুন একটি রুটে দুই দেশের মধ্যে সড়ক সংযোগের দাবি উঠে এসেছে ভারতে জলপাইগুড়ি কেন্দ্রের নির্বাচনী প্রচারে। ঢাকা-দিল্লির মধ্যে কূটনৈতিক স্তরে এই করিডোর নিয়ে আগে কখনোই তেমন আলোচনা শোনা যায়নি। কিন্তু আপাতত এই তেঁতুলিয়া করিডোরের দাবিতেই সরব এমনিতে নিস্তরঙ্গ জলপাইগুড়ির ওই সীমান্ত এলাকা। ফলে বাংলাদেশের উত্তরতম প্রান্তে তেঁতুলিয়ার বুক চিরে সোয়া চার কিলোমিটার রাস্তার ওপর অধিকারের দাবিকে ঘিরে জোরালো প্রচারণা চলেছে লাগোয়া ভারতের জলপাইগুড়ি সংসদীয় কেন্দ্রে। সেখানে ভোট হবে শুক্রবার ১৯শে এপ্রিল, ভারতে নির্বাচনের প্রথম দফাতেই। ভারতীয়দের কাছে এই প্রস্তাবিত রুটের পোশাকি নাম 'তেঁতুলিয়া করিডোর' – যে পথে চলাচলের অধিকার পেলে পশ্চিমবঙ্গের উত্তরাঞ্চলে একটা বিস্তীর্ণ অংশের মানুষের কলকাতা যাতায়াত করাটা অনেক সহজ হয়ে যাবে বলে তারা মনে করে। এখন রাজগঞ্জ, মেখলিগঞ্জসহ বিভিন্ন এলাকার মানুষকে শিলিগুড়ি হয়ে ঘুরপথে পশ্চিমবঙ্গের রাজধানী কলকাতায় যেতে হয়। কিন্তু বাংলাদেশের মধ্যে দিয়ে সোয়া চার কিলোমিটার পথ পাড়ি দিতে পারলে সেই দূরত্বটা প্রায় একশো কিলোমিটার কমে যাবে। সাথে সময় ও খরচ বাঁচবে, রাস্তায় শিলিগুড়ির মতো ব্যস্ত শহরকেও এড়িয়ে যাওয়া যাবে। এ জন্যই দীর্ঘদিন ধরে বাংলাদেশের মধ্যে দিয়ে এই 'করিডোরে'র অধিকার বা 'রাইট টু প্যাসেজ' চাইছেন ওখানকার মানুষ। ভারতে ক্ষমতাসীন দল বিজেপির জলপাইগুড়ি আসনের প্রার্থী প্রতিশ্রুতি দিচ্ছেন, তারা আবার জিতে ক্ষমতায় এলে বাংলাদেশের কাছ থেকে এ করিডোরের অধিকার আদায় করেই দেখাবেন। তার মূল প্রতিদ্বন্দ্বী তৃণমূল কংগ্রেসের প্রার্থীর পাল্টা প্রশ্ন, বিজেপি তো গত ১০ বছর ধরেই দেশের ক্ষমতায় – তাহলে এত দিনেও এ করিডারের অধিকার বাস্তবায়িত হয়নি কেন? কিন্তু এই দাবি ও পাল্টা দাবির মধ্যেও যে গুরুতর প্রশ্নটা থেকেই যাচ্ছে, বাংলাদেশই বা কেন তাদের ভূখণ্ড ব্যবহার করে ভারতীয়দের এই বাড়তি সুবিধাটা দিতে যাবে? বিষয়টির সঙ্গে বাংলাদেশের 'টেরিটোরিয়াল ইন্টিগ্রিটি' বা ভৌগোলিক অখন্ডতা ও সার্বভৌমত্বের প্রশ্ন জড়িত – কাজেই যত সহজে দাবিটি জানানো হচ্ছে তত সহজে এটি পূরণ হবে বলে আদৌ মনে হয় না। কিন্তু আপাতত জলপাইগুড়ি ও কোচবিহার জেলার একটা বড় অংশে ভোটের রাজনীতি আবর্তিত হচ্ছে এই তেঁতুলিয়া করিডোরের দাবিকে ঘিরেই। ভারতে ক্ষমতাসীন বিজেপি প্রথমবার জলপাইগুড়ি আসনে জিতেছিল ২০১৯ সালে। গতবার যিনি এই আসনে জিতে এমপি হয়েছিলেন, সেই জয়ন্ত রায়ই এবারও দলের প্রার্থী।

ডঃ রায় তার ভোটের প্রচারে একটা কথা বারেবারে বলছেন, এবারে জিতলে কেন্দ্রের বিজেপি সরকার 'তেঁতুলিয়া করিডোরে'র দাবি অবশ্যই বাস্তবায়ন করবে। কিন্তু তাতে তো বাংলাদেশের সম্মতি দরকার, সেটা নিয়ে কি আদৌ কথাবার্তা হয়েছে? বিবিসি বাংলাকে জয়ন্ত রায় বলছিলেন, "অবশ্যই আলোচনা শুরু হয়েছে। হলদিবাড়ি-চিলাহাটি রেল সংযোগ যদি আমরা চালু করতে পারি, তাহলে এই করিডোরও অবশ্যই পারব।" তার বক্তব্য, এই করিডোর আসলে জলপাইগুড়ির মানুষের খুবই দরকার – কারণ এটা হলে কলকাতার সঙ্গে ওই জেলার দূরত্ব প্রায় ১০০ কিলোমিটার কমে যাবে। প্রস্তাবিত করিডোরটা হল মূলত জলপাইগুড়ির রাজগঞ্জ ব্লকে চাউলহাটি নামে একটি গ্রাম থেকে শুরু হয়ে, বাংলাদেশের তেঁতুলিয়ার মধ্যে দিয়ে সোয়া চার কিলোমিটার দীর্ঘ একটি রাস্তা হবে – যা অন্য পাড়ে গিয়ে মিশবে উত্তর দিনাজপুর জেলার চোপড়া ব্লকে। রাস্তার অনেকটা অংশ বাংলাদেশের ভেতরে তৈরিও হয়ে আছে – এখন বিজেপি নেতারা চাইছেন 'সেটার কাজ শেষ করে তা ভারতীয়দের ব্যবহারের অনুমতি দেওয়া হোক।' জেলায় বিজেপির দাপুটে সভাপতি বাপী গোস্বামীর বিশ্বাস, 'এটা যদি কেউ করে দেখাতে পারেন, তাহলে 'রাষ্ট্রনায়ক' ও 'মুশকিল আসান' নরেন্দ্র মোদীই পারবেন!' তিনি বিবিসিকে বলছিলেন, "বাংলাদেশে আমাদের বন্ধু সরকার আছেন, তারা নিশ্চয়ই সাহায্যের হাত বাড়িয়ে দেবেন।" মি. গোস্বামী আরও জানাচ্ছেন, "ছোটবেলা থেকে মুরুব্বিদের কাছে শুনতাম আমাদের এলাকায় না কি এককালে পূর্ব পাকিস্তানের ট্রেন চলত।

পঁয়ষট্টির যুদ্ধের পর বন্ধ হয়ে যাওয়া সেই ট্রেন পরিষেবা আবার চালু করা গেছে – এখন আবার জলপাইগুড়ি স্টেশন দিয়ে কু-ঝিকঝিক করে বাংলাদেশের যাত্রীবাহী ও পণ্যবাহী ট্রেন চলছে – ভাবা যায়?" ফলে বিজেপি নেতৃত্ব খুবই আশাবাদী – অচিরেই বাংলাদেশ সরকারকে রাজি করিয়ে এই রুটেও 'ট্রানজিটে'র সুবিধা অবশ্যই অর্জন করা সম্ভব। জলপাইগুড়ি আসনে বিজেপির প্রধান প্রতিপক্ষ তৃণমূল কংগ্রেস অবশ্য নিশ্চিত, ভোটের মুখে 'তেঁতুলিয়া করিডোরে'র দাবি তোলাটা বিজেপির 'ভাঁওতাবাজি' ছাড়া আর কিছুই নয়! জেলা তৃণমূলের সাধারণ সম্পাদক অনিল চন্দ্র রায় বিবিসি বাংলাকে বলেন, "বিজেপি তো আজ থেকে নয়, গত ১০ বছর ধরেই ক্ষমতায়। কাজেই সদিচ্ছা থাকলে অনেক আগেই তারা এ করিডোর বাস্তবায়নের চেষ্টা শুরু করতেন। মোদী-অমিত শাহ-জেপি নাড্ডাদের মুখে আমরা তো কখনও এই তেঁতুলিয়া করিডোরের কথা শুনিনি! কাজেই আজ বললে কীভাবে মানুষ বিশ্বাস করবে যে এটা স্রেফ কথার কথা নয়?,"

পাল্টা প্রশ্ন ছুঁড়ে দেন তিনি। এই ইস্যুতে আর একটা গুরুত্বপূর্ণ কথা বললেন জলপাইগুড়িতে তৃণমূলের প্রার্থী নির্মল চন্দ্র রায়।

মি. রায় বিবিসিকে বলেন, "বাংলাদেশের সঙ্গে এটা নিয়ে আদৌ কোনও কথা হয়েছে বলেও তো আমরা কখনও শুনিনি।" বস্তুত এটা ঠিকই যে, আগরতলা-আখাউড়া রেল সংযোগ থেকে শুরু করে চট্টগ্রাম-মোংলা বন্দর ব্যবহারের অনুমতিও দিয়েছে বাংলাদেশ। এর বাইরে আরও একগুচ্ছ 'কানেক্টিভিটি প্রকল্প' নিয়ে ভারত-বাংলাদেশের মধ্যে আলোচনায় বিস্তর অগ্রগতি হলেও, তেঁতুলিয়ার প্রসঙ্গ দ্বিপাক্ষিক কোনও বৈঠকে কখনও উঠেছে বলে শোনা যায়নি। তৃণমূল কংগ্রেস ঠিক সে কারণেই সন্দিহান, নির্বাচনী প্রচারে 'তেঁতুলিয়া করিডোরে'র প্রসঙ্গ টেনে এনে বিজেপি আসলে জলপাইগুড়ির মানুষকে বিভ্রান্ত করতে চাইছে। তবে নির্মল চন্দ্র রায় বলছিলেন, "জলপাইগুড়ির মানুষ বুদ্ধিমান। তারা নিশ্চয়ই এ ভাঁওতাবাজিটা ধরে ফেলতে পারবেন।" 'তেঁতুলিয়া করিডোর' যদি কোনওদিন সত্যিই বাস্তবায়িত হয়, তাহলে সেটি শুরু হবে রাজগঞ্জ ব্লকের সীমান্তবর্তী গ্রাম চাউলহাটি বাজারের সংলগ্ন 'বর্ডার রোড' থেকে। চাউলহাটি একটি ছোট্ট শান্ত জনপদ – গ্রামের হিন্দু-মুসলিম জনসংখ্যা প্রায় আধাআধি, গ্রামের বাজারকে ঘিরেই সামান্য যেটুকু ব্যস্ততা। চাউলহাটির পাশ ঘেঁষেই সীমান্তের কাঁটাতারের বেড়া – তার দু'পাশে দু'দেশেই আবার রয়েছে মাইলের পর মাইল সবুজ চা-বাগান। একদিকে জলপাইগুড়ির, অন্য দিকে পঞ্চগড় জেলার। চাউলহাটি এলাকার প্রবীণ সরস্বতী রায় বলছিলেন, "সেই কবে থেকে করিডোরের কথা শুনতে শুনতে আমরা তো বুড়োই হয়ে গেলাম। তবুও আজ যদি সেটা হয়, এলাকার তরুণদের খুব সুবিধে হবে।" দোকানদার তাপস দেবনাথ বিশ্বাস করেন, এই করিডোরটা পেলে শুধু তাদের যে কলকাতা যেতেই অনেক সুবিধে হবে তা-ই নয়, 'গোটা এলাকার চেহারাও পাল্টে যাবে অবধারিতভাবে'।

তবে, আশি ছুঁই-ছুঁই তৌহিদুল হক আবার খুব স্পষ্ট কথা বললেন, "করিডোর পেতে হলে বাংলাদেশকেও তো বিনিময়ে কিছু দিতে হবে। তা আমাদের সরকার কি কিছু ভেবেছে সেটা তারা কী দিতে পারে?"সেখানকার তরুণ যুবক নূর ইসলাম বলছেন, "দুই 'বন্ধু প্রধানমন্ত্রী' – শেখ হাসিনা আর নরেন্দ্র মোদী মিলে আলোচনায় বসলে এই করিডোর সমস্যার একটা সমাধান অবশ্যই বেরোনো সম্ভব।" তবে, এলাকার পুরনো বামপন্থী মহেন চন্দ্র রায় আবার মনে করিয়ে দিলেন, "আজ বিজেপি ভোটের প্রচারে তেঁতুলিয়া করিডোরের কথা তুললেও সিপিএম কিন্তু প্রায় চার দশক ধরে এই দাবি জানিয়ে আসছে। আগে জলপাইগুড়ি থেকে যখন সিপিএমের মিনতি সেন এমপি ছিলেন, ৩৫ বছর আগে তিনিই কিন্তু পার্লামেন্টে প্রথম তেঁতুলিয়া করিডোরের দাবি তুলেছিলেন", জানালেন তিনি। তেঁতুলিয়া করিডোরের দাবির সঙ্গে ওই এলাকার মানুষের যে একাত্মতা তা বুঝে নিতে আসলেই কোনও কষ্ট হয় না। বিজেপিও ঠিক সেই আবেগটাকেই এবারের নির্বাচনে কাজে লাগাতে চাইছে – কিন্তু এই প্রকল্পকে দিনের আলো দেখাতে হলে সবার আগে যে 'কূটনৈতিক হোমওয়ার্ক'টা দরকার ছিল সেটাই এখনও করে ওঠা হয়নি বিজেপির! (বিবিসি ওয়েব পেজ:১৮.০৪.২০২৪ রিহাব)

## সবল ও দুর্বল ব্যাংক একীভূত করার প্রক্রিয়া শেষ হতে কত সময় লাগতে পারে

বাংলাদেশে ব্যাংকিং খাত সংস্কারের উদ্দেশ্যে সরকারি ও বেসরকারি খাতের দশটি ব্যাংককে পাঁচটিতে নামিয়ে আনার যে প্রক্রিয়া শুরু হয়েছে তা সম্পন্ন করতে কোনো নির্দিষ্ট সময়সীমা না থাকায় এগুলো কতদিনে শেষ হবে তা নিয়ে সংশ্লিষ্টরাই এখনো নিশ্চিত নন। তবে যেসব সবল ব্যাংক দুর্বল ব্যাংকগুলোকে অধিগ্রহণ করতে যাচ্ছে তাদের শীর্ষ কর্মকর্তাদের ধারণা আইনি প্রক্রিয়া শেষ করে ব্যাংক একীভূতকরণ প্রক্রিয়া সম্পন্ন করতে চার থেকে পাঁচ বছর পর্যন্ত সময় লাগতে পারে। এদিকে কেন্দ্রীয় ব্যাংক বলছে একীভূতকরণ প্রক্রিয়ার প্রাথমিক কাজ হিসেবে তারা এখন পর্যন্ত শুধু এক্সিম ও পদ্মা ব্যাংকের জন্য অডিটর নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করেছে। এরপর বেশ কিছু ধাপের প্রস্তুতি শেষ করার পর ব্যাংকগুলোকে আদালতে গিয়ে একীভূত হওয়ার অনুমতি চাইতে হবে। আদালত অনুমতি দিলে এরপর ব্যাংকগুলো একীভূত করার কাজ শুরু হবে। তবে দুর্বল ব্যাংক গ্রহণের জন্য কয়েকটি সবল ব্যাংককে 'অনানুষ্ঠানিকভাবে বাধ্য' করার যে অভিযোগ গণমাধ্যমে আসছে তা কেন্দ্রীয় ব্যাংক স্বীকার করেনি। ব্যাংকগুলো অবশ্য প্রকাশ্যে ও আনুষ্ঠানিকভাবে এমন কোনো অভিযোগ করেনি। "তাদের সম্মতি আছে বলেই কাজটা হচ্ছে। এখানে জোর করে করানোর কোনো বিষয় নেই। রেগুলেটরি কিছু তো কেন্দ্রীয় ব্যাংক কারও ওপর চাপিয়ে দেয়নি। কেন্দ্রীয় ব্যাংক শুধু আহবান জানিয়েছে এবং যারা স্বেচ্ছায় এসেছে তাদেরটাই হচ্ছে," বিবিসি বাংলাকে বলছিলেন কেন্দ্রীয় ব্যাংকের মুখপাত্র মেজবাউল হক। প্রসঙ্গত, কেন্দ্রীয় ব্যাংকের 'নির্দেশনা' অনুযায়ী দুর্বল পাঁচটি ব্যাংককে একীভূত করতে আগ্রহ প্রকাশ করেছে পাঁচটি সবল ব্যাংক, যা নিয়ে মিশ্র প্রতিক্রিয়া আছে এই খাতের বিশ্লেষকদের মধ্যে। গত ৪ঠা এপ্রিল ব্যাংক একীভূতকরণের (মার্জার) বিষয়ে নীতিমালা প্রকাশ করে কেন্দ্রীয় ব্যাংক। নীতিমালা অনুযায়ী খেলাপি ঋণ, মূলধন ঘাটতি, ব্যবস্থাপনা ও তারল্য– এ চারটি সূচকে প্রত্যাশিত মানদণ্ডের নিচে থাকা ব্যাংকগুলোই 'দুর্বল' হিসেবে চিহ্নিত হবে কেন্দ্রীয় ব্যাংকের কাছে। ওদিকে প্রথম ধাপের দশটি ব্যাংককে একীভূত করে পাঁচটিতে নামিয়ে আনার প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত নতুন করে আর কোনো ব্যাংককে একীভূতকরণ প্রক্রিয়ায় না আনার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় ব্যাংক।

এখন পর্যন্ত কেন্দ্রীয় ব্যাংকের আহবানে সাড়া দিয়ে এক্সিম ও পদ্মা ব্যাংক, সোনালী ও বিডিবিএল, কৃষি ব্যাংক ও রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, সিটি ও বেসিক ব্যাংক এবং ইউসিবি ও ন্যাশনাল ব্যাংক একীভূত হতে পরস্পরের সঙ্গে একমত হয়েছে। "ব্যাংকগুলো তাদের এক্সপ্রেশন অব ইন্টারেস্ট অর্থাৎ আগ্রহপত্র কেন্দ্রীয় ব্যাংককে দেবে। এরপর ধীরে ধীরে অন্য ধাপের কাজগুলো হবে। আমরা এখন পর্যন্ত এক্সিম ও পদ্মা ব্যাংকের জন্য অডিটর নিয়োগ দিয়ে প্রাথমিক প্রস্তুতি শুরু করতে পেরেছি," বলছিলেন মি. হক। যদিও ব্যাংক সংশ্লিষ্ট অনেকেই বলছেন, কে কার সাথে একীভূত হবে সেটি কেন্দ্রীয় ব্যাংক সংশ্লিষ্ট ব্যাংকগুলোকে ডেকে জানিয়ে দিয়েছে শুধু, তাদের মতামত নেয়া হয়নি। তবে একীভূত হতে যাওয়া ব্যাংকগুলো আনুষ্ঠানিকভাবে এমন কোনো মন্তব্য করেনি বা এ বিষয়ে মন্তব্য করতে রাজি হয়নি। "আমার মনে হয় এগুলো বাজারে ছড়ানো কথা, যার কোনো ভিত্তি নেই। আমরা আগ্রহ করেই একটি ব্যাংক আনতে চাইছি কারণ দুর্বল ব্যাংক থেকে ভালো ব্যাংকে পরিণত হওয়ার অভিজ্ঞতা সিটি ব্যাংকের আছে," বিবিসি বাংলাকে বলছিলেন সিটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মাসরুর আরেফিন। এর আগে গত মাসে এক্সিম ও পদ্মা ব্যাংকের একীভূত হওয়ার ঘোষণার পর এক্সিম ব্যাংকের চেয়ারম্যান নজরুল ইসলাম মজুমদার বিবিসি বাংলাকে বলেছিলেন যে বাংলাদেশ ব্যাংক থেকে দুই সপ্তাহ আগে যে কোনো একটি দুর্বল ব্যাংকের সাথে একীভূত হওয়ার নির্দেশনা দিয়েছিলো এবং তারই অংশ হিসেবে দুই ব্যাংকের কর্মকর্তারা আলোচনার মাধ্যমে একীভূত হওয়ার সিদ্ধান্ত নিয়েছেন। এ দফায় দশটি ব্যাংক পাঁচটি ব্যাংকে একীভূত হওয়ার অভিজ্ঞতা যাচাইয়ের আগে নতুন করে আর কোনো ব্যাংককে একীভূতকরণ করা হবে না বলে জানিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। তবে নীতিমালা অনুযায়ী আগামী বছর অর্থাৎ ২০২৫ সাল থেকে দুর্বল ব্যাংকগুলোকে বাধ্যতামূলকভাবেই একীভূত করতে পারবে কেন্দ্রীয় ব্যাংক। মেজবাউল হক বিবিসি বাংলাকে বলেছেন, "আমাদের সক্ষমতার বিষয়টি দেখতে হবে। বাজারেরও সক্ষমতা থাকতে হবে। এ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য যথার্থ রিসোর্স থাকতে হবে। পাঁচটা ব্যাংক একীভূতকরণটা সফল করার জন্য রিসোর্স কী আছে? কয়টা মানসম্মত অডিট ফার্ম আছে এখানে। তবে প্রোগ্রেস ভালো হলে তখন হয়তো নতুন একীভূতকরণে বিষয়ে সিদ্ধান্ত আসতে পারে," বলছিলেন তিনি। অর্থাৎ এবারের একীভূত হওয়ার প্রক্রিয়া শেষ হওয়ার পর পর্যালোচনা করা হবে এবং তার ভিত্তিতে নতুন করে আর কোনো ব্যাংককে একীভূত করা হবে কি না সে বিষয়ে সিদ্ধান্ত হবে বলে জানাচ্ছেন তিনি। ব্যাংক খাতকে সংস্কারের অংশ হিসেবে দুর্বল ব্যাংকগুলোর সমস্যা কীভাবে কাটিয়ে ওঠা যায় তা নিয়ে আগেই 'প্রম্পট কারেক্টিভ অ্যাকশন বা পিসিএ' নামে একটি ফ্রেমওয়ার্ক তৈরি করেছিলো কেন্দ্রীয় ব্যাংক। এরপর গত সপ্তাহে যে নীতিমালা জারি করা হয়েছে সে অনুযায়ী একীভূতকরণ প্রক্রিয়া সফল করার জন্য সবল ব্যাংকগুলোকে কেন্দ্রীয় ব্যাংক ও সরকার নীতি সহায়তা দেবে। কেন্দ্রীয় ব্যাংক এ সংক্রান্ত যে সার্কুলার জারি করেছে সে অনুযায়ী, দুটি ব্যাংক নীতিগত সিদ্ধান্ত নেয়ার পর তারা তাদের আগ্রহ জানিয়ে কেন্দ্রীয় ব্যাংকের কাছে আবেদন করবে। এরপর কেন্দ্রীয় ব্যাংক স্বাধীন অডিটর দিয়ে ব্যাংকের ভ্যালুয়েশন করাবে। এরপর উভয় ব্যাংক সমঝোতা চূড়ান্ত করবে এবং কী প্রক্রিয়ায় একীভূত হবে তার একটি প্রকল্প তৈরি করবে। একই সাথে তখন দুর্বল ব্যাংকগুলোর সার্বিক অবস্থা সম্পর্কে জানা যাবে।

ঘোষিত নীতিমালা অনুযায়ী ওই অডিট বা নিরীক্ষা এবং আর্থিক ও আইনি কার্যক্রম সম্পন্ন করার ব্যয় বহন করার কথা বাংলাদেশ ব্যাংকেরই। এরপর সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশনের অনুমতি নিয়ে দুর্বল ব্যাংক অবসায়নের জন্য আদালতে যাবে; সবল ব্যাংকের সাথে একীভূত হওয়ার জন্য অনুমতি চাইবে। একই সঙ্গে অডিট রিপোর্ট নিজ নিজ পরিচালনা পর্ষদে অনুমোদনের পর শেয়ার হোল্ডারদের সম্মতির জন্য এজিএম আহবান করে সম্মতি গ্রহণ করতে হবে। "চূড়ান্তভাবে আদালতের সিদ্ধান্ত পেলে তারপর ব্যাংকগুলো একীভূতকরণের কাজ শুরু করবে। এখনো এক্সিম ও পদ্মা ব্যাংকের বাইরে অন্য ব্যাংকগুলোর এক্সপ্রেশন অফ ইন্টারেস্ট আমাদের কাছে আসেনি," বিবিসি বাংলাকে বলছিলেন কেন্দ্রীয় ব্যাংকের মুখপাত্র মেজবাউল হক। তবে বেসিক ব্যাংককে নিজের সঙ্গে একীভূত করতে যাওয়া সিটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মাসরুর আরেফিন বিবিসি বাংলাকে বলেছেন দুই ব্যাংকের মধ্যে আনুষ্ঠানিকভাবে এমওইউ (সমঝোতা স্মারক) স্বাক্ষরের পর সাড়ে চার থেকে পাঁচ বছর পর্যন্ত সময় লাগবে একীভূতকরণ প্রক্রিয়া চূড়ান্তভাবে সম্পন্ন করতে। "আগামী কয়েক সপ্তাহের মধ্যে এমওইউ স্বাক্ষর হবে। তার আগে আমাদের উভয় ব্যাংককে নিজ নিজ বোর্ডের অনুমোদন নিতে হবে। এরপর সবগুলো ধাপের কাজ শেষে আদালতের অনুমতি পেলে একীভূতকরণের কাজ শুরু হবে। আমি আশা করছি এমওইউ স্বাক্ষরের পর থেকে চার/সাড়ে চার বছরের মধ্যে প্রক্রিয়াটি শেষ হবে," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। যদিও কেন্দ্রীয় ব্যাংকের নীতিমালায় বলা হয়েছে যে একীভূত হওয়া ব্যাংকের কর্মকর্তা কর্মচারীদের তিন বছরের মধ্যে ছাঁটাই করা যাবে না। তারপরও যেসব দুর্বল ব্যাংকের নাম একীভূতকরণ প্রক্রিয়ায় এসেছে সেখানকার কর্মীদের মধ্যে উদ্বেগ-উৎকণ্ঠার খবরও আসছে। বেসিক ব্যাংকের কর্মকর্তা কর্মচারীরা এ নিয়ে কেন্দ্রীয় ব্যাংকের গভর্নরের কাছে স্মারকলিপি দিয়ে তাদের উদ্বেগের কথা জানিয়েছে। যদিও বেসিক ব্যাংক যেই ব্যাংকের সাথে একীভূত হবে সেই সিটি ব্যাংক বলছে আগামী অন্তত চার বছর কারও চাকরি নিয়ে উদ্বিগ্ন হওয়ার কিছু নেই। এর মধ্যে এক বছর একীভূত হওয়ার প্রস্তুতি কাল এবং এরপর কেন্দ্রীয় ব্যাংকের নির্দেশনা অনুযায়ী তিন বছর

কাউকে ছাঁটাই না করার নির্দেশনা মানতে হবে সংশ্লিষ্ট ব্যাংকগুলোকে। "আমরা ভালো প্রতিষ্ঠান হিসেবে এমনিতেই মানবিক বিষয়গুলো গুরুত্ব দিয়ে বিবেচনা করি। আমাদের সাথে এসে কাউকে কেন চাকরি হারাতে হবে। আমি আশা করি চার বছরের গ্যারান্টির সময়ের পরেও সবাইকে নিয়েই আমরা এগিয়ে যেতে পারবো," বিবিসি বাংলাকে বলছিলেন সিটি ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক। নজরুল ইসলাম মজুমদারও বিবিসি বাংলাকে বলেছিলেন যে সারা দেশে পদ্মা ব্যাংকের বিভিন্ন শাখায় প্রায় এক হাজার মানুষ কর্মরত আছে। তাদের চাকরির কোনো ক্ষতি হবে না।
(বিবিসি ওয়েব পেজ:১৮.০৪.২০২৪ রিহাব)

## আট হাজার ভুয়া মুক্তিযোদ্ধা কি শাস্তির মুখোমুখি হবে?

বাংলাদেশের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় প্রায় আট হাজার ভুয়া মুক্তিযোদ্ধার সনদ বাতিল করলেও প্রতারণা বা মিথ্যা তথ্য দিয়ে সনদ নেয়ার অভিযোগে তাদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেয়ার সিদ্ধান্ত হয়নি। এমনকি তাদের মধ্যে যারা সরকারি ভাতা গ্রহণ করেছে সেই টাকাও ফেরত আনার কোনো কার্যকর উদ্যোগ দেখা যাচ্ছে না। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বিবিসি বাংলাকে বলেছেন যারা ভাতা পেতেন সেটা বন্ধ করে দেয়া হয়েছে তবে এই বিষয়ে মামলা করলে হাজার হাজার লোকের বিরুদ্ধে করতে হবে। "আমরা মন্ত্রণালয় চালাবো নাকি আদালতের বারান্দায় বারান্দায় দৌঁড়াবো," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। মুক্তিযোদ্ধা সংসদ কেন্দ্রীয় কমান্ড কাউন্সিলের সাবেক চেয়ারম্যান আব্দুল আহাদ চৌধুরী বলছেন মুক্তিযোদ্ধা না হয়েও যারা ভুয়া তথ্য দিয়ে এ তালিকায় এসে বেনিফিট নিয়েছে তারা শাস্তিযোগ্য অপরাধ করেছে এবং এদের কাছ থেকে ভাতার টাকা সরকারের ফিরিয়ে আনা উচিত। জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল বা জামুকার সদস্য মেজর (অবসরপ্রাপ্ত) ওয়াকার হাসান বলছেন এ বিষয়ে কাউন্সিলের মিটিংয়ে আলোচনা হয়েছে এবং এ টাকা ফিরিয়ে আনার বিষয়ে চিন্তা ভাবনা চলছে। "আমরা একটা উদ্যোগ নিচ্ছি। প্রক্রিয়াটা কী হবে বা কীভাবে হতে পারে তা নিয়ে একটা পলিসি ঠিক করতে হবে আমাদের," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। প্রসঙ্গত, মুক্তিযোদ্ধাদের তালিকা প্রণয়ন, সনদ দেয়া বা ভুয়া সনদ বাতিলের জন্য এ প্রতিষ্ঠানটিই সরকারকে সুপারিশের জন্য দায়িত্বপ্রাপ্ত, যার নেতৃত্বে আছেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী নিজেই। মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী দেশে গেজেটভুক্ত মুক্তিযোদ্ধার সংখ্যা ১ লাখ ৮৩ হাজারের সামান্য বেশি। তবে এর মধ্যে এখন বেঁচে আছেন প্রায় এক লাখ। বাংলাদেশে মুক্তিযোদ্ধা তালিকা নিয়ে বিভিন্ন সময় নানা ধরনের অনিয়মের অভিযোগ শোনা গেছে। এমনকি বাংলাদেশে ভুয়া বা অ-মুক্তিযোদ্ধার সংখ্যা ঠিক কত, সে বিষয়ে এখনও পরিষ্কার তথ্য নেই মন্ত্রণালয়ের কাছে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী বিবিসিকে জানিয়েছেন জামুকা বিভিন্নভাবে যাচাই বাছাই করে নিশ্চিত হয়ে এসব সনদ বাতিলের সুপারিশ করেছে। "দেশের প্রতিটি উপজেলা পর্যায়ে মুক্তিযোদ্ধা যাচাই বাছাই কমিটি রয়েছে। তারা নামগুলো যাচাই বাছাই শেষে মুক্তিযোদ্ধা জাতীয় কাউন্সিলে পাঠান। তারপর মুক্তিযোদ্ধাদের গেজেট প্রকাশ করা হয়। প্রমাণ হওয়ায় ভুয়া আট হাজার জনকে মুক্তিযোদ্ধার তালিকা থেকে বাদ দেওয়া হয়েছে," তিনি বলছিলেন। একই বক্তব্য তিনি বুধবার মেহেরপুরে মুজিবনগর দিবসের সমাবেশের আগে স্থানীয় সাংবাদিকদেরও দিয়েছেন। তিনি তখন আরও বলেছিলেন যে যদি কোনো ব্যক্তি মিথ্যা তথ্য দিয়ে মুক্তিযোদ্ধা হয়ে থাকে সে বিষয়ে কেউ অভিযোগ করলে বা মন্ত্রণালয়ের নজরে এলে যাচাই করে সেগুলো বাতিল করে দেয়া হবে। যদিও ২০২১ সালের ৪ঠা সেপ্টেম্বর জাতীয় সংসদে মন্ত্রী নিজেই জানিয়েছিলেন যে ২০০২ সাল থেকে ২০১০ সালের মধ্যে যেসব নাম মুক্তিযোদ্ধাদের বেসামরিক গেজেটে প্রকাশিত হয়েছিলো তার মধ্য থেকে প্রায় দশ হাজার বেসামরিক গেজেট বাতিল করা হয়েছে। একই সঙ্গে তখন তিনি জানিয়েছিলেন যে বীর মুক্তিযোদ্ধাদের নাম অন্তর্ভুক্তি এবং অভিযুক্ত ব্যক্তিদের নাম বাতিল সংক্রান্ত যাচাই-বাছাই প্রক্রিয়া চলমান আছে। তবে জামুকার কর্মকর্তারা বলছেন সরকার ২০১৪ সালে আগে যেসব মুক্তিযোদ্ধাদের নাম তালিকায় আসেনি তাদের আবেদনের সুযোগ দিলে সারাদেশে অসংখ্য আবেদন জমা পড়ে। এমনকি সরকারের কয়েকজন মন্ত্রীও মুক্তিযোদ্ধা হিসেবে নাম তালিকাভুক্তির আবেদন করেন। তবে ২০১৪ সালেই পাঁচ জন সচিবের মুক্তিযোদ্ধা সনদ বাতিল করে সরকার, যা ব্যাপক আলোচনার জন্ম দেয়। তখন সনদ বাতিলের পাশাপাশি তাদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়ার সুপারিশ করেছিলো দুর্নীতি দমন কমিশন। যদিও দেশে প্রকৃতপক্ষে মুক্তিযোদ্ধার সংখ্যা কত তা নিয়ে অস্পষ্টতা রয়েই গেছে। স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে ২০২১ সালে মুক্তিযোদ্ধাদের একটি অপূর্ণাঙ্গ তালিকা প্রকাশ করেছিলো সরকার যেখানে ১ লাখ ৪৭ হাজার ৫৩৭ জনের নাম ছিল। মেজর (অবসরপ্রাপ্ত) ওয়াকার হাসান বলছেন ২০১৪ সালে নতুন নেয়া আবেদনগুলো ২০১৫-১৬ সালের দিকে যাচাই বাছাইয়ের কাজ শুরু হয়েছিলো। "অন্তত বিশ শতাংশ আবেদন আমরা বাতিল করে দিয়েছিলাম। এমনকি মন্ত্রীর আবেদনও গ্রহণ করিনি নির্ভরযোগ্য প্রমাণ না পাওয়ায়। বাতিল করেছিলাম কয়েকজন সচিবের সনদ। সব মিলিয়ে আমরা হিমশিম খাচ্ছিলাম," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। ভুয়া সনদের শাস্তি কিংবা ভাতা ফেরতের বিষয়ে সরাসরি কোনো জবাব দেননি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী। তবে অনেক বছর ধরেই মুক্তিযোদ্ধাদের একটি অংশ এ নিয়ে ক্ষোভ বা অসন্তোষ প্রকাশ করে আসছিলেন।

আবার এই আট হাজারের মধ্যে কতজন ভাতা তুলেছেন এবং তাদেরকে কত টাকা ভাতা দেয়া হয়েছে সে সম্পর্কিত কোনো তথ্যও পাওয়া যায়নি। মুক্তিযোদ্ধা সংসদে তিন দফায় চেয়ারম্যান থাকা আব্দুল আহাদ চৌধুরী বিবিসি বাংলাকে

বলছেন যারা ভুয়া সনদ দিয়ে মুক্তিযোদ্ধা তালিকায় নাম উঠিয়েছিলো তাদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা নেয়ার পাশাপাশি তাদের মধ্যে যারা ভাতা পেয়েছে তাও ফেরত আনা উচিত। "এরপর বের করতে হবে ভুয়া সনদধারীদের কারা মুক্তিযোদ্ধা তালিকায় আসার সুযোগ করে দিয়েছে। তাদেরকেও দৃষ্টান্তমূলক শাস্তি ও ভুয়া সনদধারীদের দেয়া বেনিফিট ফিরিয়ে আনার ব্যবস্থা করা উচিত সরকারের," বিবিসি বাংলাকে বলছিলেন মি. চৌধুরী। জামুকার সদস্য ওয়াকার হাসান বলছেন, ইতোমধ্যেই জামুকার বৈঠকে বিষয়টি আলোচনায় এসেছে। "টাকা ফেরত আনার লক্ষ্য আছে। আমরা একটা উদ্যোগ নিবো। কিন্তু কীভাবে হবে সেটা আলোচনা করে ঠিক করতে হবে। একটা পলিসি নিতে হবে," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। যদিও আগে বিভিন্ন সময়ের যখন তালিকা কিংবা ভাতা নিয়ে বিতর্ক হয়েছে তখন যারা ভুয়া সনদ দিয়ে তালিকায় ঢুকে ভাতা নিয়েছেন তাদের কাছ থেকে টাকা আদায়ে 'সরকারি পাওনা আদায় আইন–১৯১৩' অনুযায়ী ব্যবস্থা নেয়ার ইঙ্গিত দিয়েছিলো মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়। প্রসঙ্গত, ২০১৪ সাল থেকে মুক্তিযোদ্ধাদের ভাতা দেয়া শুরু করে সরকার। প্রথমে ২০ হাজার জন মুক্তিযোদ্ধাকে মাসে পাঁচ হাজার টাকা করে ভাতা দেয়া হতো, যা পরে বিভিন্ন সময় বাড়ানো হয়েছে। এখন মুক্তিযোদ্ধারা মাসে বিশ হাজার টাকা করে সম্মানী পান। সম্প্রতি এ টাকা ত্রিশ হাজারে উন্নীত করার জন্য অর্থমন্ত্রীর কাছে প্রস্তাব দিয়েছেন মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক। মুক্তিযোদ্ধারা সরকারি চাকরিজীবী হলে এখন দুই বছর বেশি চাকরি করার সুযোগ পাচ্ছেন। এছাড়া ক্ষেত্রবিশেষে চিকিৎসা, আবাসন ও রেশনসহ নানারকম সুযোগ সুবিধা আছে। এসব সুবিধা পেতে অনেকেই এখন মুক্তিযোদ্ধা তালিকায় আসতে চান বলে অভিযোগ আছে। (বিবিসি ওয়েব পেজ:১৮.০৪.২০২৪ রিহাব)

# ভয়েস অফ আমেরিকা

## ভারতের পররাষ্ট্রসচিব বিনয় কোয়াত্রার বাংলাদেশ সফর স্থগিত

ভারতের পররাষ্ট্রসচিব বিনয় কোয়াত্রার পূর্বনির্ধারিত বাংলাদেশ সফর স্থগিত করা হয়েছে। বৃহস্পতিবার (১৮ এপ্রিল) একটি কূটনৈতিক সূত্র এ তথ্য জানিয়েছে। শনিবার (২০ এপ্রিল) সংক্ষিপ্ত সফরে তাঁর ঢাকায় আসার কথা ছিল। তবে এ বিষয়ে ঢাকা ও দিল্লি থেকে আনুষ্ঠানিক কোনো ঘোষণা দেওয়া হয়নি। বিনয় কোয়াত্রার পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ এবং পররাষ্ট্রসচিব মাসুদ বিন মোমেনের সঙ্গে বৈঠক করার কথা ছিল। এই সফর পারস্পরিক সুবিধাজনক নতুন তারিখে অনুষ্ঠিত হবে বলে সূত্রটি জানিয়েছে।

এদিকে আরেকটি কূটনৈতিক সূত্র জানিয়েছে, এ মাসের শেষের দিকে এই সফর হতে পারে। মূলত প্রধানমন্ত্রী শেখ হাসিনার দিল্লি সফরের দিনক্ষণসহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনার জন্য বিনয় কোয়াত্রার ঢাকায় আসার কথা ছিল। (ভোয়া ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ নারগীস)

## 'শিল্প ও সংস্কৃতির উন্নয়নের জন্য বিনিয়োগ বাড়াতে হবে': তথ্য প্রতিমন্ত্রী আরাফাত

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত বলেছেন, বাংলাদেশ যে চিন্তা-চেতনা নিয়ে মুক্তিযুদ্ধ করে স্বাধীন হয়েছে, সেটি হলো একটি অসাম্প্রদায়িক, আধুনিক ও শান্তিপূর্ণ সমাজ তৈরি করা এবং যেখানে উগ্রবাদ-মৌলবাদের কোনো জায়গা থাকবে না। এ রকম একটি সমাজ তৈরি করতে গেলে আমাদের শিল্প ও সংস্কৃতির ক্ষেত্রে অনেক বেশি বিনিয়োগ দরকার। তিনি বলেন, "২০৪১ সালে উন্নত বাংলাদেশ হওয়ার জন্য কতগুলো ভিত্তি দরকার। এ ভিত্তিগুলো তৈরি করার জন্য এরই মধ্যে আমাদের অনেক অর্জন হয়েছে। গত ১৫ বছরে আমাদের অর্থনৈতিক উন্নয়ন অনেক হয়েছে, আরও উন্নয়ন করতে হবে। তবে আগামী পাঁচ বছর শিল্প ও সংস্কৃতির উন্নয়নের জন্য আমাদের বিনিয়োগ বাড়াতে হবে। কারণ আমরা যদি উগ্রবাদ, মৌলবাদ ও অশুভ শক্তির বিরুদ্ধে লড়াই করতে চাই, তাহলে শিল্প ও সংস্কৃতির চেয়ে বড় কোনো অস্ত্র হতে পারে না। শিল্প, সাহিত্য ও সংস্কৃতি উন্নয়ন এখন আমাদের দরকার। একইসঙ্গে শিল্প, সাহিত্য ও সংস্কৃতি অঙ্গনে উদ্ভাবনী মেধা খুবই দরকার।" বৃহস্পতিবার (১৮ এপ্রিল) বিকেলে রাজধানী ঢাকার আগারগাঁওয়ে মুক্তিযুদ্ধ জাদুঘর মিলনায়তনে মুক্তি ও মানবাধিকারবিষয়ক আন্তর্জাতিক প্রামাণ্যচিত্র উৎসব দ্বাদশ লিবারেশন ডকফেস্ট বাংলাদেশের উদ্বোধনী অনুষ্ঠানে এ মন্তব্য করেন তিনি।

মোহাম্মদ আলী আরাফাত আরও বলেন, "রাষ্ট্রের কাজ অর্থনৈতিকভাবে শিল্পকে সহযোগিতা দেওয়া ও এগিয়ে নেওয়া। যাতে যে মেধার জন্ম হয় সেটা সমাজে বিকশিত হতে পারে। শিল্পের মাধ্যমে আরও মানবতা ও মানবিকতা ছড়িয়ে যেতে পারে। দিন শেষে আমরা মানবিক বিশ্ব গড়তে চাই ও বিশ্ব নাগরিক হতে চাই।"

তিনি আরও বলেন, "আমরা সুস্থ শিল্প বিকাশের পরিবেশ দেশে নিশ্চিত করতে চাই। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাধ্যমে আমরা এই কাজ করার চেষ্টা করব।" অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন ভারতীয় চলচ্চিত্র নির্মাতা নীলোৎপল মজুমদার এবং ভারতের জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কারপ্রাপ্ত চলচ্চিত্র নির্মাতা হাওবাম পবন কুমার। বক্তব্য দেন মুক্তিযুদ্ধ জাদুঘরের ট্রাস্টি আসাদুজ্জামান নূর ও উৎসবের পরিচালক মফিদুল হক। সূচনা বক্তব্য দেন মুক্তিযুদ্ধ জাদুঘরের সদস্য সচিব সারা যাকের। (ভোয়া ওয়েব পেজ : ১৯.০৪.২০২৪ নারগীস)

## ‘উপজেলা নির্বাচন অবাধ, নিরপেক্ষ ও শান্তিপূর্ণ পরিবেশে হবে’: ওবায়দুল কাদের

সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী এবং ক্ষমতাসীন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, “বাংলাদেশ আওয়ামী লীগ গণতান্ত্রিক সংস্কৃতি বিকাশে বদ্ধপরিকর। জনগণের ক্ষমতায়নের জন্য স্থানীয় সরকারের বিভিন্ন পর্যায়ের নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ। উপজেলা পরিষদ নির্বাচন অবাধ, নিরপেক্ষ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হবে।” বৃহস্পতিবার (১৮ এপ্রিল) গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি এ কথা বলেন। বিরোধী রাজনৈতিক দল বাংলাদেশ জাতীয়তাবাদী দলের (বিএনপি) নির্বাচনবিরোধী অবস্থানের প্রেক্ষাপটে উপজেলা নির্বাচন নিয়ে আওয়ামী লীগকে কৌশলী অবস্থান নিতে হয়েছে উল্লেখ করে তিনি বলেন, আওয়ামী লীগ এবার নৌকা প্রতীক বরাদ্দ দিচ্ছে না।

ওবায়দুল কাদের বলেন, “আওয়ামী লীগ আশা করে যারা দলের কাছে এবং দলের বাইরে জনগণের কাছে গ্রহণযোগ্য তারাই নির্বাচিত হবেন।” উপজেলা পরিষদ নির্বাচনে মন্ত্রী, এমপি ও দলীয় নেতারা যাতে কোনো ধরনের হস্তক্ষেপ করতে না পারে, সেজন্য আওয়ামী লীগ কঠোর সাংগঠনিক নির্দেশনা দিয়েছে বলে জানান তিনি। প্রথম ধাপের উপজেলা নির্বাচনে ব্যাপক নির্বাচনী প্রচারণা ও জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ লক্ষ্য করা যাচ্ছে উল্লেখ করে ওবায়দুল কাদের বলেন, “দেশের মানুষ যখন স্বতঃস্ফূর্তভাবে নির্বাচনে অংশগ্রহণ করছে, তখন বিএনপি নেতারা বরাবরের মতো দেশের গণতান্ত্রিক ব্যবস্থা ও নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করার উদ্যোগ নিচ্ছেন। বিএনপি নির্বাচনি ব্যবস্থাকে ব্যাহত করতে চায়, গণতান্ত্রিক প্রক্রিয়াকে ধ্বংস করতে চায়।”

ওবায়দুল কাদের বলেন, প্রকৃতপক্ষে গণতন্ত্র ও আইনের শাসনের প্রতি তাদের কোনো শ্রদ্ধাবোধ নেই। আইনশৃঙ্খলা বাহিনী যখন সন্ত্রাসীদের বিরুদ্ধে আইনি ব্যবস্থা নিচ্ছে তখন তারা একদিকে আগুন সন্ত্রাসীদের লালন-পালন করছে, অন্যদিকে বিরোধী দলকে দমন করার মিথ্যা অভিযোগ উত্থাপন করছে। বিএনপি অব্যাহতভাবে বাংলাদেশের গণতন্ত্র ও স্থিতিশীলতা বিনষ্ট করার ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে। তিনি বলেন, “আমরা দ্ব্যর্থহীন কণ্ঠে বলতে চাই, আওয়ামী লীগ বিরোধী দল দমনে বিশ্বাস করে না। কিন্তু সন্ত্রাসীদের ছাড় দেওয়া হবে না এবং তারা যে দলেরই হোক না কেনো তাদের অবশ্যই বিচারের মুখোমুখি হতে হবে।”

এদিকে উপজেলা নির্বাচনে অংশ না নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে বিএনপি। মঙ্গলবার (১৬ এপ্রিল) দলটির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভীর স্বাক্ষর করা এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানানো হয়। এতে বলা হয়, সোমবার রাতে অনুষ্ঠিত স্থায়ী কমিটির বৈঠকে এ সিদ্ধান্ত গৃহীত হয়। বৈঠকে ভার্চুয়ালি যোগ দেন দলটির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়, শেখ হাসিনার সরকার ও তাঁর আজ্ঞাবহ নির্বাচন কমিশন, বেসামরিক ও পুলিশ প্রশাসন একটি অবাধ, সুষ্ঠু, অংশগ্রহণমূলক ও গ্রহণযোগ্য নির্বাচন আয়োজন করতে পারে না। অবাধ, সুষ্ঠু ও অংশগ্রহণমূলক নির্বাচন অনুষ্ঠানের পরিবেশ নেই বলেও উল্লেখ করে দলটি।

উল্লেখ্য, বাংলাদেশে চার ধাপে ষষ্ঠ উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। ২১ মার্চ (বৃহস্পতিবার) প্রথম ধাপের ১৫২টি উপজেলা নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়। তফসিল অনুযায়ী প্রথম ধাপের মনোনয়নপত্র জমার শেষ দিন ছিল ১৫ এপ্রিল (সোমবার)। প্রথম ধাপের ভোট গ্রহণ হবে ৮ মে। দ্বিতীয় ধাপের ১৬১টি উপজেলা পরিষদের নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে ১ এপ্রিল (সোমবার)। দ্বিতীয় ধাপের মনোনয়নপত্র দাখিলের শেষ দিন ২১ এপ্রিল। মনোনয়নপত্র যাচাই-বাছাইয়ের তারিখ ২৩ এপ্রিল। যাচাই-বাছাইয়ে বাদ পড়লে আপিল করা যাবে ২৪-২৬ এপ্রিল পর্যন্ত। এসব উপজেলায় ভোট গ্রহণ করা হবে ২১ মে। তৃতীয় ধাপের উপজেলা নির্বাচনের তফসিল ঘোষণা করা হয়েছে ১৭ এপ্রিল (বুধবার)। তৃতীয় ধাপে ১১২টি উপজেলা পরিষদের নির্বাচন ২৯ মে অনুষ্ঠিত হবে। চতুর্থ ধাপের উপজেলা পরিষদের নির্বাচনের তফসিল এখনো ঘোষণা করা হয়নি।

(ভোয়া ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ নারগীস)

## বাংলাদেশের ৬ জেলায় বয়ে যাচ্ছে তীব্র তাপপ্রবাহ

বাংলাদেশের রাজশাহী, পাবনা, বাগেরহাট, যশোর, চুয়াডাঙ্গা ও কুষ্টিয়া জেলার ওপর দিয়ে বয়ে যাচ্ছে তীব্র তাপপ্রবাহ। এ ছাড়া, মৌলভীবাজার জেলাসহ রাজশাহী ও খুলনা বিভাগের অবশিষ্টাংশ এবং ঢাকা, রংপুর ও বরিশাল বিভাগের ওপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর বৃহস্পতিবার (১৮ এপিল) এ তথ্য জানিয়েছে।

অধিদপ্তরের আবহাওয়াবিদ হাফিজুর রহমান ইউএনবিকে বলেন, “তাপপ্রবাহ যা চলছে তা অব্যাহত ও অপরিবর্তিত থাকবে। তবে কিছু জায়গায় বৃষ্টিপাতের কারণে তাপমাত্রা হ্রাস পেতে পারে।” অধিদপ্তরের নিয়মিত বুলেটিনে বলা হয়, সারা দেশে দিন ও রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকার সম্ভাবনা রয়েছে। জলীয় বাষ্পের আধিক্যের কারণে অস্বস্তি বৃদ্ধি পেতে পারে। এতে আরও বলা হয়, রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা বা ঝড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে। এ ছাড়া, দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া

প্রধানত শুষ্ক থাকতে পারে বলে জানানো হয়। সিনপটিক অবস্থা সম্পর্কে আবহাওয়া অফিস জানায়, পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ ভারতের পশ্চিমবঙ্গ রাজ্য ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। মৌসুমের স্বাভাবিক লঘুচাপ দক্ষিণ বঙ্গোপসাগরে অবস্থান করছে। বুধবার বাংলাদেশে সর্বোচ্চ তাপমাত্রা ৪০ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয় চুয়াডাঙ্গায়। বৃহস্পতিবার সকালে সর্বনিম্ন তাপমাত্রা ২০ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয় কিশোরগঞ্জের নিকলীতে। (ভোয়া ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ নারগীস)

## 'গবেষণা ছাড়া কোনো দেশ এগিয়ে যেতে পারে না': প্রধানমন্ত্রী শেখ হাসিনা

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গবেষণামূলক কাজের ওপর গুরুত্বারোপ করে বলেছেন, "গবেষণা ছাড়া কোনো দেশ এগিয়ে যেতে পারে না।" তিনি আরও বলেন, তাঁর সরকারের প্রধান লক্ষ্য হচ্ছে আগে খাদ্য নিরাপত্তা, তারপর পুষ্টি নিশ্চিত করা এবং "আমরা সেই পদক্ষেপ নিয়েছি। আমরা গবেষণায় অগ্রাধিকার দিয়েছি, যেহেতু তা ছাড়া উচ্চ ফলনশীল জাত উৎপাদন সম্ভব নয়।" বৃহস্পতিবার (১৮ এপ্রিল) প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনীর উদ্বোধন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। পোল্ট্রি ও ডেইরি খামারিদের মাধ্যমে এ খাতের উন্নয়নে প্রাণিসম্পদ অধিদপ্তরের উদ্যোগে রাজধানী ঢাকার শের-ই-বাংলা নগরে পুরাতন বাণিজ্য মেলা মাঠে ২ দিনব্যাপী এ প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। শেখ হাসিনা খাদ্য নিরাপত্তা নিশ্চিত করতে খাদ্যশস্য এবং মাছ ও মাংসসহ সব ধরনের পণ্যের ধারণক্ষমতা বাড়ানোর উপরও গুরুত্বারোপ করে বলেন, "... দেশে আমিষের উৎপাদন বাড়াতে আমরা ব্যাপক কর্মসূচি গ্রহণ করেছি।" তিনি দেশে পোল্ট্রি, মৎস্য ও প্রাণিসম্পদ উন্নয়নে বেসরকারি খাতকে এগিয়ে আসার আহ্বান জানিয়ে বলেন, "(এ ব্যাপারে) সরকার সব ধরনের সহযোগিতা করবে।" তিনি মানুষের জন্য নিরাপদ খাদ্য নিশ্চিতে মৎস্য ও গবাদিপশুর জন্য নিরাপদ খাবার সরবরাহ নিশ্চিত করতে বলেন।

শেখ হাসিনা কৃষি উৎপাদন এবং এর প্রক্রিয়াজাতকরণে পরিষ্কার-পরিচ্ছন্নতার পাশাপাশি প্যাকেজিংয়ের ক্ষেত্রে আন্তর্জাতিক নিয়ম অনুসরণ করারও আহ্বান জানান। শেখ হাসিনা আরও বলেন, বাংলাদেশ বিশাল সমুদ্রসীমা অর্জন এবং সামুদ্রিক সম্পদকে কাজে লাগাতে ব্লু ইকোনমির পরিকল্পনাও ঘোষণা করেছে। "কিন্তু এটা দুর্ভাগ্যজনক যে, আমরা গভীর সমুদ্র থেকে সম্পদ আহরণ করতে সক্ষম হইনি।" তিনি বলেন, "আসলে আমরা এ কাজের জন্য কোনো উদ্যোক্তা পাচ্ছি না। এটাই বাস্তবতা।" উদ্বোধন অনুষ্ঠানে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী আব্দুর রহমান, বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ কাউন্সিলের (বিপিআইসি) যুগ্ম আহ্বায়ক মশিউর রহমান, বাংলাদেশ ডেইরি ফার্মার্স অ্যাসোসিয়েশনের (বিডিএফএ) সভাপতি মোহাম্মদ ইমরান হোসেন ও প্রাণিসম্পদ সচিব সেলিম উদ্দিন বক্তব্য দেন। অনুষ্ঠানে দেশের প্রাণিসম্পদ খাতের উন্নয়নের ওপর একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়।

আয়োজকেরা জানিয়েছেন, প্রদর্শনী প্রাঙ্গণে দেশের প্রাণিসম্পদের বৈচিত্র্য প্রদর্শনের জন্য ২৫টি প্যাভিলিয়ন ও ৩০টি স্টল স্থাপন করা হয়েছে। এর মধ্যে ৭টি প্যাভিলিয়ন সরকারি কর্তৃপক্ষের জন্য নির্ধারিত। প্রদর্শনী সকাল ১০টা থেকে রাত ৮টা পর্যন্ত খোলা থাকবে। প্রদর্শনী দেখার জন্য কোনো প্রবেশ মূল্য লাগবে না। ঢাকা ছাড়াও ৪৬৬টি উপজেলাতেও একযোগে এ প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। পোল্ট্রি ও ডেইরি খামারিরা তাদের গবাদিপশু ও পাখি প্রদর্শনের জন্য এতে যোগ দিয়েছেন। আয়োজকেরা আরও জানান, এর মাধ্যমে তৃণমূল পর্যায়ের কৃষকরা বড় কোম্পানিগুলোর সঙ্গে ব্যবসা পরিচালনার সুযোগ পাবেন।(ভোয়া ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ নারগীস)

## টাইম ম্যাগাজিনের ১০০ প্রভাবশালী ব্যক্তির তালিকায় বাংলাদেশি মেরিনা তাবাসসুম

যুক্তরাষ্ট্রের প্রভাবশালী সাপ্তাহিক টাইম ম্যাগাজিনের ২০২৪ সালের বিশ্বের ১০০ প্রভাবশালীর তালিকায় স্থান পেয়েছেন বাংলাদেশি স্থপতি মেরিনা তাবাসসুম। স্থানীয় সংস্কৃতি ও মূল্যবোধ ধরে রেখে প্রকৃতিবান্ধব টেকসই নকশা তৈরির প্রতিশ্রুতির জন্য এই তালিকায় উদ্ভাবক বিভাগে নাম যুক্ত হয় তাঁর। একইসঙ্গে অভিন্ন গ্রহটি যেসব ঝুঁকির মুখোমুখি হয় সেগুলোকে তিনি অগ্রাধিকার দেন বলে জানানো হয়েছে। টাইম ম্যাগাজিনের জন্য হার্ভার্ড স্কুল ফর ডিজাইনের ডিন সারাহ হোয়াইটিংয়ের লেখা তাবাসসুমের প্রশংসাপত্রে বলা হয়েছে: "তাবাসসুমের নিঃস্বার্থভাবে কাজ করার প্রমাণ তাঁর ভবনগুলোতেও দেখা যায়। পৃথিবীর সম্পদ ভোগকারী একজন হিসেবে তাঁর সৃষ্টির যত্ন নেন।"

বাংলাদেশের ঢাকায় মেরিনার বানানো বাইত উর রউফ মসজিদ মর্যাদাপূর্ণ আগা খান পুরস্কার জিতেছে উল্লেখ করে সারাহ বলেন, "কৃত্রিম কোনো সাহায্য ছাড়াই এই ভবনে আলো-বাতাস প্রবেশ করতে পারে। জলবায়ু পরিবর্তনের কারণে বন্যার ঝুঁকি বাড়তে থাকা একটি দেশে তিনি এমন সব বাড়ির নকশা করেছেন যেগুলো কম খরচে নির্মাণ করা যায় ও সহজে সরিয়ে ফেলা যায়। ভবনগুলোতে কেবল প্রাকৃতিকভাবে আলো-বাতাস প্রবেশই নয়; প্রকৃতির কোনো ক্ষতির কারণ যেন না হয় সেদিকেও খেয়াল রেখেছেন তিনি।" "তিনি একজন শিক্ষক ও বক্তা এবং আন্তর্জাতিকভাবে পরিচিত। মেরিনা স্থাপত্যকে ব্যক্তিগত কাজ হিসেবে নয় বরং একে সম্মিলিত আন্তর্জাতিক রূপে তুলে ধরেছেন।"

এর আগে ২০১৬ সালে স্থাপত্যে ভূমিকা রেখে আগা খান পুরস্কার এবং ২০২১ সালে আমেরিকান একাডেমি অফ আর্টস অ্যান্ড লেটারস অ্যাওয়ার্ডসের সোয়ান পদক পেয়েছিলেন মেরিনা। ২০২২ সালে লিসবন আর্কিটেকচার ট্রিয়েনালে মিলেনিয়াম লাইফটাইম অ্যাচিভমেন্ট অ্যাওয়ার্ড বিজয়ী হন তিনি। ২০05 সালে প্রতিষ্ঠা করেন মেরিনা তাবাসসুম

আর্কিটেক্টস। ১৯৯৪ সালে বুয়েট থেকে স্নাতক হওয়ার পর ১৯৯৫ সাল থেকে আরবানায় কর্মরত ছিলেন। এর সহপ্রতিষ্ঠাতাও ছিলেন তিনি।

আবদুল্লাহপুরের বাইত উর রউফ মসজিদের জন্য তাঁর তৈরি নকশা দিয়ে পরিচিতি পান। মসজিদটিতে দেশের ঐতিহ্য নকশায় ব্যবহারের মাধ্যমে নতুন প্রজন্মের স্থপতিদের অনুপ্রাণিত করেছেন। গম্বুজের ব্যবহার না করা, ব্যতিক্রমী স্তম্ভ, মাটির প্যালেটের ব্যবহার এবং সবচেয়ে বেশি মুগ্ধ করেছে যেটি, সেটি হলো ছাদ ও দেয়ালের ছিদ্র দিয়ে মসজিদের ভেতরে আলোর প্রবাহ। (ভোয়া ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ নারগীস)

## প্রাকৃতিক সম্পদের হিসাব প্রণয়নের উদ্যোগ নিয়েছে সরকার : পরিবেশমন্ত্রী সাবের হোসেন

সরকার প্রাকৃতিক সম্পদের হিসাব প্রণয়নের কার্যক্রম গ্রহণ করেছে বলে জানিয়েছেন বাংলাদেশ সরকারের পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তনমন্ত্রী সাবের হোসেন চৌধুরী। তিনি জানান, ইউএন সিস্টেম অফ এনভায়রনমেন্টাল ইকোনমিক অ্যাকাউন্টিংয়ের ফ্রেমওয়ার্ক এবং এ সংশ্লিষ্ট থিমেটিক এরিয়াসমূহের বিবেচনায় সরকার প্রাকৃতিক সম্পদের হিসাব প্রণয়নের কার্যক্রম গ্রহণ করেছে। বৃহস্পতিবার (১৮ এপ্রিল) রাজধানী ঢাকার আগারগাঁওয়ে পরিসংখ্যান ভবনে 'ন্যাচারাল রিসোর্স অ্যাকাউন্টস আন্ডার সিস্টেম অন এনভায়রনমেন্টাল ইকোনমিক অ্যাকাউন্টিং ইন ফোকাসিং ল্যান্ড অ্যান্ড ফরেস্ট অ্যাকাউন্টস ইন বাংলাদেশ' শীর্ষক সেমিনারে এ কথা জানান তিনি।

সাবের হোসেন চৌধুরী জানান, পরিবেশ পরিসংখ্যান প্রণয়নের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এ সংক্রান্ত একটি সেল গঠন করেছে। এ সেলের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পের মাধ্যমে পরিবেশ, জলবায়ু পরিবর্তন, প্রাকৃতিক সম্পদ, জীববৈচিত্র্য, দুর্যোগ ও দুর্যোগ ব্যবস্থাপনাসংক্রান্ত পরিসংখ্যান প্রণয়ন করা হচ্ছে। তিনি বলেন, "উন্নয়ন ও পরিবেশ পরস্পর অঙ্গাঙ্গিভাবে জড়িত। প্রকৃতির সুরক্ষায় আমাদের আন্তরিক হতে হবে।" সাবের হোসেন চৌধুরী বলেন, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ে জাতীয় ও আঞ্চলিক পর্যায়ে পরিকল্পনা প্রণয়ন এবং আন্তর্জাতিক পর্যায়ে আলোচনার জন্য বিবিএসের পরিবেশগত কার্যক্রমের তথ্য-উপাত্ত গুরুত্বপূর্ণ উপাদান হিসেবে সহায়ক ভূমিকা পালন করবে। তিনি আরও জানান, এসডিজি, পঞ্চবার্ষিক পরিকল্পনা, পারসপেক্টিভ প্ল্যান, ডেল্টা প্ল্যান ২১০০, মুজিব ক্লাইমেট প্রোসপারিটি প্ল্যানগুলো বাস্তবায়নে টেকসই পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ ও মূল্যায়নে ন্যাচারাল রিসোর্স অ্যাকাউন্টস এবং অন্য পরিবেশ পরিসংখ্যান প্রয়োজন। আর এগুলো বিবিএস প্রণয়ন করবে। বিবিএসের পরিবেশ পরিসংখ্যান প্রণয়নের কাজে সংশ্লিষ্ট বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, সংস্থাকে তথ্য-উপাত্ত দিয়ে সহায়তা করতে হবে।

সেমিনারে পরিকল্পনা প্রতিমন্ত্রী মো. শহীদুজ্জামান সরকার বলেন, প্রাকৃতিক সম্পদের জরিপ বিষয়টি আমাদের জীবনের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িত। সংশ্লিষ্ট সব মন্ত্রণালয় ও সংস্থার সমন্বিত উদ্যোগে এ কাজ সফল করতে হবে। প্রাকৃতিক সম্পদের জরিপ প্রক্রিয়া সুসম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান তিনি। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব ড. শাহনাজ আরেফিনের সভাপতিত্বে সেমিনারে আরও বক্তব্য দেন জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার বাংলাদেশ রিপ্রেজেনটেটিভ জিয়াওকুন শি এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর উপমহাপরিচালক পরিমল চন্দ্র দাস। মূল প্রবন্ধ উপস্থাপন করেন প্রকল্পের পরিচালক সাদ্দাম হোসেন খান।

সেমিনারে বিভিন্ন মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর, সংস্থা ও উন্নয়ন সহযোগী সংস্থার কর্মকর্তারা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বিবিএস সদরদপ্তরের কর্মকর্তারা ছিলেন।

(ভোয়া ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ নারগীস)

# রেডিও তেহরান

## দুই দশক পর কাতারের আমিরের বাংলাদেশ সফর

কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল সানি দুই দিনের সফরে আগামী সোমবার প্রথমবারের মতো বাংলাদেশ সফরে যাচ্ছেন। প্রায় দুই দশক বিরতির পর কাতারের কোনো আমিরের বাংলাদেশ সফর অনুষ্ঠিত যাচ্ছে। এ সফরে বাংলাদেশে ব্যবসাত ও বিনিয়োগ বাড়ানোর ওপর অগ্রাধিকার দেবে। দ্বিপাক্ষিক পরিধির বাইরে আমিরের এ সফর রাজনৈতিকভাবেও গুরুত্বপূর্ণ বলে জানা গেছে। কাতারের আমিরের দুই দিনের সফরের প্রস্তুতি হিসেবে ১৫ এপ্রিল প্রধানমন্ত্রীর কার্যালয়ে এক সমন্বয় সভা হয়েছে। প্রধানমন্ত্রীর মুখ্যসচিব তোফাজ্জল হোসেন মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত ওই সভায় সফরের নানা বিষয়ের পাশাপাশি ১০ টি চুক্তি ও সমঝোতা স্মারক সই হবে বলে চূড়ান্ত হয়েছে। হওয়া চুক্তির মধ্যে আছে ব্যবসা ও বিনিয়োগ বৃদ্ধি, বন্দীবিনিময়, দ্বৈত কর প্রত্যাহার ও শুল্ক বিষয়ে পারস্পরিক সহযোগিতার বিষয় রয়েছে। দুই শীর্ষ নেতার বৈঠক শেষে সইয়ের তালিকায় থাকা সম্ভাব্য এমওইউর মধ্যে রয়েছে বাংলাদেশ থেকে কাতারে জনশক্তি রপ্তানি, ধর্মীয় বিষয়ে সহযোগিতা, উচ্চশিক্ষায় সহযোগিতা ও কূটনীতিকদের প্রশিক্ষণ। (রেডিও তেহরান: ২০৩০ ঘ. ১৮.০৪.২০২৪ রুবাইয়া)

## এনএইচকে

### অং সান সু চি'কে কারাগার থেকে সরিয়ে নেয়া হয়েছে : মিয়ানমারের সংবাদমাধ্যম

মিয়ানমারের বেশ কয়েকটি সংবাদ মাধ্যম খবর দিচ্ছে যে, সেনাবাহিনী ক্ষমতাচ্যুত ও বন্দি নেত্রী অং সান সু চি'কে রাজধানী নেপিদো'র একটি কারাগার থেকে সরিয়ে নিয়েছে। তবে তাকে কোথায় নিয়ে যাওয়া হয়েছে তা স্পষ্ট নয়। একজন সামরিক মুখপাত্র দাবি করেছেন যে, প্রচণ্ড গরম থেকে বয়স্ক ব্যক্তিদের রক্ষা করার জন্য তারা ব্যবস্থা নিচ্ছে। তিনি বলেন, এই প্রচেষ্টা শুধুমাত্র ৭৮ বছর বয়সী অং সান সু চি'র জন্য নয়, যাদের প্রয়োজন রয়েছে তাদের সকলের জন্য।

উল্লেখ্য, এপ্রিল হলো মিয়ানমারে বছরের সবচেয়ে উষ্ণতম সময়। ২০২১ সালে সামরিক অভ্যুত্থানের পর থেকে অং সান সু চি'কে আটকাবস্থায় রাখা হয়েছে। গণতন্ত্রপন্থী এই নেত্রী দুর্নীতি ও অন্যান্য অভিযোগে দোষী সাব্যস্ত হয়েছেন। গত আগস্টে তার কারাগারের মেয়াদ হ্রাস করা হয়েছিল, তবে এখনো ২৫ বছরেরও বেশি সময় তাকে বন্দি অবস্থায় কাটাতে হবে। তার আইনি দল এনএইচকে'কে বলেছে যে, তারা কোনো স্থানান্তরের কথা শুনেনি। তার কারাগারে শীতাতপ নিয়ন্ত্রণের অভাব রয়েছে বলে তারা জানায়। বিশ্লেষকরা বলছেন, জনসাধারণের প্রবল প্রতিক্রিয়া প্রতিহত করার চেষ্টায় অং সান সু চি'র প্রতি জান্তা এধরনের আচরণ করে থাকতে পারে। ফেব্রুয়ারি মাসে সামরিক বাহিনী বাধ্যতামূলক সেনাবাহিনীতে যোগ দেয়ার ঘোষণা দেয়, যা অনেক যুবককে প্রতিবেশী দেশ থাইল্যান্ডে পালিয়ে যেতে বা গণতন্ত্রপন্থী বাহিনীতে যোগ দিতে প্ররোচিত করছে। (এনএইচকে ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ নারগীস)

## ডয়চে ভেলে

### মধ্যপ্রাচ্যে যুদ্ধ পরিস্থিতিতে বাংলাদেশের প্রস্তুতি কী?

মধ্যপ্রাচ্যে সংকট বাড়লে, যুদ্ধ বিস্তৃত ও দীর্ঘায়িত হলে বাংলাদেশে অর্থনৈতিক সংকট বাড়বে। রপ্তানি খাতে ও মধ্যপ্রাচ্যে বাংলাদেশের শ্রম বাজারেও তার নেতিবাচক প্রভাব পড়ার শঙ্কা বিশ্লেষক এবং ব্যবসায়ীদের। ছয় মাসেরও বেশি সময় ধরে গাজায় ইসরায়েলের অভিযানে মধ্যপ্রাচ্যে সংকট এমনিতেই ঘনীভূত হচ্ছিল। সিরিয়ার দামেস্কে ইরানি কনস্যুলেটে হামলার প্রতিশোধ হিসেবে সম্প্রতি ইসরায়েলে ইরানের ড্রোন এবং রকেট হামলায় পরিস্থিতি আরো উত্তপ্ত হয়ে উঠেছে। এ নিয়ে বাংলাদেশেও অস্বস্তি তৈরি হয়েছে। বিশেষ করে অর্থনীতি, বৈদেশিক বাণিজ্য এবং জ্বালানি তেল নিয়ে সংকটের আশঙ্কা করা হচ্ছে। বুধবার মন্ত্রিসভার বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা সংশ্লিষ্ট সব খাতকে প্রয়োজনীয় প্রস্তুতি নিতে বলেছেন। সংঘাত দীর্ঘ হলে জ্বালানি তেলসহ যেসব খাতে নেতিবাচক প্রভাব পড়তে পারে সেই সব খাতকে তিনি পরিকল্পনা ও ব্যবস্থা নেয়ার নির্দেশ দিয়েছেন। বাণিজ্যমন্ত্রী আহসানুল ইসলাম টিটু ডয়চে ভেলেকে জানান, জ্বালানি, ভোগ্যপণ্য আমদানির ক্ষেত্রে তারা বিকল্প অনুসন্ধান শুরু করেছেন। বাংলাদেশে জ্বালানি তেল আমদানির ক্ষেত্রে মধ্যপ্রাচ্যের ওপর নির্ভরশীল। এলএনজি বা তরলীকৃত প্রাকৃতিক গ্যাসও আসে এই অঞ্চল থেকে। যুদ্ধ বিস্তৃত হলে খাতে নেতিবাচক প্রভাব পড়ার শঙ্কা রয়েছে। এতে বাংলাদেশের বিদ্যুৎ ও জ্বালনি খাতে সমস্যা দেখা দেবে, শিল্প উৎপাদন ও পরিবহণ খাত ক্ষতির মুখে পড়তে পারে। নেতিবাচক প্রভাব পড়বে বাংলাদেশের আমদানি ও রপ্তানি বাণিজ্যে। মধ্যপ্রাচ্যে বাংলাদেশের শ্রম বাজারেও এর নেতিবাচক প্রভাব পড়বে বলে মনে করেন বিশ্লেষকেরা। সেইসঙ্গে বাংলাদেশে বিদেশি বিনিয়োগ আরো কমে যেতে পারে।

বাংলাদেশ ফ্রেইট ফরোয়ার্ডার্স অ্যাসোসিয়েশনের সহসভাপতি খায়রুল আলম ডয়চে ভেলেকে বলেন, ''সারাবিশ্বে যে জাহাজগুলো জ্বালানি তেল বহন করে তারা চার ভাগের একভাগ হয় হরমুজ প্রণালি দিয়ে। আর আমাদের জ্বালানির জন্য আমরা মধ্যপ্রাচ্য নির্ভর। সৌদি আরব, কুয়েত, কাতার, বাহরাইন, দুবাই থেকে জ্বালানি তেল আসে। কাতার থেকে আসে এলএনজি। এগুলো পরিবহণের জন্য রয়েছে দুইটি পথ হরমুজ প্রণালি ও লোহিত সাগর (রেড সি)। লোহিত সাগর শুধুমাত্র সৌদি আরবের জন্য কিছুটা সহজ। কিন্তু অন্যদের জন্য হরমুজ প্রণালি। এখন লোহিত সাগরে হুতিদের হামলা আর যুদ্ধ ছড়িয়ে পড়লে হরমুজ প্রণালি বন্ধ হয়ে যাবে। ফলে বাংলাদেশ জ্বালানি তেল ও এলএনজির সংকটে পড়বে। এটা সারাবিশ্বের জন্য সংকট হবে।" তিনি জানান, দুবাই থেকে বাংলাদেশে নির্মাণ কাজের জন্য বিটুমিন ও পাথর আসে। অন্যদিকে মধ্যপ্রাচ্যের দেশগুলোতে প্রবাসীদের জন্য বাংলাদেশ থেকে ভোগ্য পণ্য, শাবসবজি রপ্তানি হয়। সমুদ্রপথে সমস্যা হলে তাও বন্ধ হয়ে যেতে পারে। তিনি বলেন, ''বাংলাদেশের রিফাইনারিতে সর্বোচ্চ এক মাসের চাহিদা পূরণের তেল রাখা সম্ভব। ফলে বেশি আমদানি করে রাখাও সম্ভব নয়। আর এই তেল-গ্যাসের উপর বিদ্যুৎ, শিল্প কারাখানা নির্ভরশীল।" যুদ্ধ ছড়িয়ে পড়লে বাংলাদেশের রপ্তানি আয়ের প্রধান খাত তৈরি পোশাক রপ্তানি কমে যেতে পারে। প্রথমত জ্বালানি সংকট তৈরি হলে উৎপাদন কমে যাবে। আবার রপ্তানির পথ ঝুঁকিপূর্ণ হলে লিড টাইম বা গন্তব্য দেশে তা পৌঁছাতে বেশি সময় লাগবে। এর ফলে পোশাকের খরচ বাড়বে। সেই সঙ্গে চাহিদাও কমে যেতে পারে। তৈরি পোশাক রপ্তানিকারকরা জানান, লোহিত সাগরে জাহাজে হুতি বিদ্রোহীদের হামলার কারণে একটি নেতিবাচক প্রভাব পড়েছে। পোশাক সরবরাহের লিড টাইম কোথাও কোথাও বেড়েছে। এখন যুদ্ধ ছড়িয়ে পড়লে পরিস্থিতির আরো অবনতি

হবে। বিজিএমইএ-এর সহ-সভাপতি শহীদুল্লাহ আজিম বলেন, ''আমাদের পোশাক খাতের অবস্থা খারাপ হচ্ছে। অ্যামেরিকার বাজারে পোশাক রপ্তানি ২৪ শতাংশ কমে গেছে। ইউরোপের বাজারেও পোশাক রপ্তানি কমছে। চলতি অর্থবছরের প্রথম ছয় মাসে এক দশমিক ২৪ শতাংশ কমেছে।  এখন যুদ্ধ বিস্তৃত হলে এটা আরো কমবে। বিশ্বব্যাপী অস্থিরতা তৈরি হলে পোশাক কেনা তারা কমিয়ে দেবে। তিনি বলেন, ''আমাদের কাঁচামাল আমদানি কঠিন হয়ে পড়বে। দাম বেড়ে যাবে। উৎপাদন খরচ বেড়ে যাবে। এর নেতিবাচক প্রভাব পড়বে  শিল্প উৎপাদনে।" অপ্রচলিত বাজারে সাম্প্রতিক সময়ে বাংলাদেশের পোশাক রপ্তানি বাড়ছে। কিন্তু যুদ্ধের কারণে সেখানেও নেতিবাচক প্রভাবের আশঙ্কা করেন তিনি।

মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশে পোশাক রপ্তানি বাড়ছে। পোশাক রপ্তানির শীর্ষ ১০ নতুন বাজারের দুটি হচ্ছে সংযুক্ত আরব আমিরাত (ইউএই) ও সৌদি আরব। চলতি অর্থবছরের প্রথম আট মাসে ইউএই ও সৌদি আরবে তৈরি পোশাক রপ্তানি বেড়েছে যথাক্রমে ৩৭ ও ৪৭ শতাংশ। তবে যুদ্ধ বিস্তৃত হলে এই বাজার কতটা টিকবে তা নিয়ে আশঙ্কা আছে তৈরি পোশাক রপ্তানিকারকদের। গবেষণা প্রতিষ্ঠান 'পলিসি এক্সচেঞ্জ অব বাংলাদেশ'-এর  চেয়াম্যান ড. মাশরুর রিয়াজ বলেন, ''মধ্যপ্রাচ্যে যে সংকট চলছে তার প্রভাব বাংলাদেশে কতটা হবে তা নির্ভর করছে কয়েকটি বিষয়ের ওপর। ইরান ও ইসরায়েলের মধ্যে যদি যুদ্ধ লেগে যায়, এটা যদি আঞ্চলিক যুদ্ধে পরিণত হয় এবং এই যুদ্ধ প্রলম্বিত হলে আমাদের অর্থনীতিতে সরাসরি দুইটি নেতিবাচক প্রভাব পড়বে। প্রথমত, আমাদের মূল জ্বালানি হলো তেল। আর এর জন্য আমরা সহ বিশ্ব মধ্যপ্রাচ্যের ওপর নির্ভরশীল। রাশিয়া ছিলো। কিন্তু ইউক্রেন যুদ্ধের কারণে সেটা কাজে লাগানো যাচ্ছে না। এছাড়া আমরা এলএনজি আনি মধ্যপ্রাচ্য থেকে। এখন এই পরিস্থিতিতে ওই বাজার অস্থির হয়ে যাবে। দাম বেড়ে যাবে। ফলে আমাদের এখানে পণ্য উৎপাদন, শিল্প উৎপাদন, পরিবহণ সবখানে খরচ ও দাম বেড়ে যাবে।  এটা রপ্তানিতেও নেতিবাচক প্রভাব ফেলবে।" বাংলাদেশের তৈরি পোশাকসহ যেসব শিল্প উৎপাদন গ্যাস বিদ্যুৎ নির্ভর সেখানে সমস্যা হবে। আর মধ্যপ্রাচ্যের দেশগুলোতে বাংলাদেশের শ্রমবাজারেও প্রভাব পড়তে পারে বলে মনে করেন তিনি। তিনি জানান, ''সৌদি আরবসহ মধ্যপ্রাচ্যের অনেক দেশ এখন বাংলাদেশে বিনিয়োগে আগ্রহী। সৌদি আরব প্রায় ১০ বিলিয়ন ডলার বিনিয়োগ পরিকল্পনা করছে বাংলাদেশে। যুদ্ধ দীর্ঘায়িত হলে এই বিনিয়োগ আমরা নাও পেতে পারি।"

সিপিডির গবষণা পরিচালক ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, ''জ্বালানি তেল নিয়ে আমরা এরইধ্যে চাপে আছি। এখন যদি যুদ্ধ পরিস্থিতি চলতে থাকে ইরান ইসরায়েলের এই অবস্থায় তৎপরতা আরো বাড়ে তাহলে জ্বালানি তেল নিয়ে আমরা আরো চাপে পড়ব, এলএনজি নিয়েও চাপে পড়বো। তার প্রভাব অমাদের অর্থনীতির অনেক ক্ষেত্রেই পড়বে।" এই পরিস্থিতিতে মূল্যস্ফীতি আরো বাড়ার আশঙ্কা করেন তিনি। ড. খন্দকার গোলাম মোয়াজ্জেম বলেন, ''আসলে আমাদের অভ্যন্তরীণ নির্ভরতা বাড়াতে হবে। কৃষিতে যেরকম আমরা অভ্যন্তরীণ উৎপাদনে অনেক এগিয়ে তেমনি অন্য খাতেও প্রয়োজন। কিন্তু জ্বালানি খাতে তো আমরা আমদানি নির্ভর। শিল্পের কাঁচামালের জন্যও আমাদের নিজস্ব উৎপাদনে যেতে হবে। আর সরকারি ও বেসরকারি অভ্যন্তরীণ বিনিয়োগ কমাতে হতে পারে।" ড. মাশরুর রিয়াজ বলেন, ''আমাদের জ্বালানির জন্য বিকল্প সোর্সের দিকে যেতে হবে। সিংগাপুর, অষ্ট্রেলিয়ার কথা ভাবা যেতে পারে। আগাম জ্বালানি কিনে রাখা যায়। যদি বিকল্প পথে জ্বালানি আনতে হয় তার খরচ এখনই হিসাব করা দরকার। তবে এসব করে পরিস্থিতি কিছুটা সামাল দেয়া গেলেও সংকট হবেই।"

বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু ডয়চে ভেলেকে জানান, সরকার এরইমধ্যে ভোগ্যপণ্য, জ্বালানি বিকল্প উপায়ে কীভাবে আনা যায় তার পরিকল্পনা করছে। সমুদ্রপথে সংকট দেখা দিলে উড়োজাহাজের রপ্তানি পণ্য পাঠানোর চিন্তা করছে সরকার। বলেন," আমরা তৈরি পোশাক রপ্তানিতে আকাশ পথ ব্যবহার শুরু করেছি। আমরা এজন্য কার্গো উড়োজাহাজ কেনার পরিকল্পনা করছি। প্রয়োজনে এয়ার শিপমেন্ট বাড়িয়ে দিব।" ভোগ্যপণ্যের জন্য মিয়ানমারের সঙ্গে চুক্তির পরিকল্পনা এবং আসিয়ান দেশগুলোর সঙ্গে যোগাযোগে করা হচ্ছে বলে জানান। জ্বালানি তেলের ব্যাপারে প্রয়োজনে রাশিয়ার আগের প্রস্তাবগুলো পরীক্ষা করে দেখা হবে জানিয়ে তিনি বলেন, ''আমাদের বিকল্প সোর্স তো লাগবে। আর এখন অভ্যন্তরীণভাবে কিছু জ্বালানি তেল আমরা পাচ্ছি। আরো বিকল্প দেশের কথা ভাবা হচ্ছে।" তিনি বলেন," পরিস্থিতির ওপর সরকার নজর রাখছে। আমরা সব ধরনের চেষ্টা চালিয়ে যাচ্ছি।"

(ডয়চে ভেলে ওয়েব পেজ:১৮.০৪.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### উপজেলা নির্বাচনে অংশ না নেওয়ার সিদ্ধান্ত নিয়ে বিএনপি গণতন্ত্র বিরোধী অবস্থান নিয়েছে: কাদের

উপজেলা নির্বাচনে অংশ না নেয়ার সিদ্ধান্ত নিয়ে বিএনপি বরাবর ও দেশের গণতন্ত্র বিরোধী অবস্থান নিয়েছে বলে অভিযোগ করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন উপজেলা পরিষদ নির্বাচন অবাধ নিরপেক্ষ সুষ্টু শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হবে। তবে বিএনপি বরাবরের মতো নির্বাচন ও দেশের গণতন্ত্র বিরোধী অবস্থান নিয়েছে। সে কারণে জনগণ ও তাদের দিক থেকে মুখ ফিরিয়ে নিয়েছে।

দুপুরে গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি এসব কথা বলেন। বিবৃতিতে আরো বলা হয়েছে বিএনপি নেতারা উপজেলা নির্বাচন নিয়ে বিভ্রান্তিকর ও রাজনৈতিক শিষ্টাচার বহির্ভূত বক্তব্য দিচ্ছেন। এছাড়া আসন্ন উপজেলা নির্বাচনে সংসদ সদস্য কিংবা মন্ত্রীদের স্বজনরা অংশগ্রহণ করতে পারবে না বলেও জানানো হয় ওই বিবৃতিতে।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১৮.০৪.২০২৪ রুবাইয়া)

**গত ২৮শে অক্টোবর থেকে ৭ জানুয়ারি পর্যন্ত বিএনপি'র ২০ নেতাকর্মীকে হত্যা করেছে : রিজভী**

গত ২৮শে অক্টোবর থেকে ৭ জানুয়ারি পর্যন্ত আড়াই মাসে বিএনপি'র ২০ নেতাকর্মীকে হত্যা করেছে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী এমন অভিযোগ করেছেন দলটি সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবীর রিজভী। বৃহস্পতিবার দুপুরের রাজধানীর উত্তরার দিয়াবাড়িতে ঢাকা ১৮ আসনের অন্তর্গত সাতটি থানার কারামুক্ত নেতাকর্মীদের ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে এই অভিযোগ করেন তিনি। রুহুল কবীর রিজভী বলেন ভারতের সহায়তা নিয়ে সরকার দেশের গণতন্ত্রকামী জনগণকে নিয়ে বন্দী করে রেখেছে। পৃথিবীর সবচেয়ে ভয়ংকর সম্প্রদায়িক শক্তি ভারতে ইসরাইলের সঙ্গে আওয়ামী লীগের ঘনিষ্ঠ সম্পর্ক। ইসরাইল মুসল্লিদের উপর হামলা চালায় তাদের সঙ্গে তলে তলে সম্পর্ক ঠিকই রেখেছে আওয়ামী লীগ সরকার। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১৮.০৪.২০২৪ রুবাইয়া)

**সয়াবিন প্রতি লিটারে ৪ টাকা বেড়েছে এবং খোলা সায়াবিন প্রতি লিটারে দুই টাকা কমানোর সিদ্ধান্ত**

বোতল জাত সয়াবিন তেলের দাম প্রতি লিটারে চার টাকা বেড়েছে। খোলা কয়দিন তেলের দাম প্রতি লিটারে দুই টাকা কমানোর সিদ্ধান্ত হয়েছে। বৃহস্পতিবার সচিবালয়ে এক ব্রিফিংয়ে বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু এ কথা জানিয়েছেন। প্রতিমন্ত্রী বলেন দাম বাড়লেও এই সিদ্ধান্ত মিল গেট থেকে এখনই কার্যকর হবে। এর আগে সয়াবিন তেলের দাম লিটারে ১০ টাকা ঘোষণা দেন মিল মালিকেরা। গত মঙ্গলবার থেকে নতুন এ দাম কার্যকরের ঘোষণা দিয়ে বাণিজ্য সচিব বরাবর চিঠি দেয় কোম্পানিগুলোর সংগঠন ও বাংলাদেশ অয়েল অ্যান্ড বনস্পতি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন। তবে সেটিও সয়াবিনের মূল্য বাড়ানোর সুযোগ নেই বলে জানিয়েছেন বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১৮.০৪.২০২৪ রুবাইয়া)

**বিএনপি নির্বাচনবিরোধী অবস্থান নেয়ায় ভিন্ন প্রেক্ষাপটে আওয়ামী লীগকে অবস্থান নিতে হয়েছে**

বিএনপি নির্বাচনবিরোধী অবস্থান নেয়ায় ভিন্ন প্রেক্ষাপটে আওয়ামী লীগকে অবস্থান নিতে হয়েছে বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের। এই ভিন্ন কৌশল সম্পর্কে তিনি বলেছেন ভাই আওয়ামী লীগ এবার দলীয় প্রতীক বরাদ্দ দিচ্ছে না। তিনি বলেন দল ও দলের বাইরে জনগণের কাছে গ্রহণযোগ্য ব্যক্তি যাতে নির্বাচিত হয় সেটাই আওয়ামী লীগ প্রত্যাশা করে। বৃহস্পতিবার এক বিবৃতিতে এসব কথা বলেন ওবায়দুল কাদের। এই বিবৃতিতে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর সহ দলটির নেতাদের বক্তব্যের নিন্দা ও প্রতিবাদ জানান আওয়ামী লীগ সাধারণ সম্পাদক। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১৮.০৪২০২৪ রুবাইয়া)

**মুজিবনগর সরকারের অধীনে জিয়াউর রহমান মাসিক ৪০০ টাকা বেতনের কর্মচারী ছিল : পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন ১৯৭১ সালে মুজিবনগর সরকারের অধীনে অন্যান্য সেক্টর কমান্ডারদের মতোই ৪০০ টাকা মাসিক বেতনের কর্মচারী ছিলেন জিয়াউর রহমান। অথচ পরিতাপের বিষয়ে তার দল বিএনপি মুজিবনগর সরকারের শপথ গ্রহণ ১৭ই এপ্রিল পালন করে না। গ্রীসের রাজধানী অনুষ্ঠানরত নবম আওয়ার ওশান কনফারেন্সে স্থানীয় সময় গতকাল বুধবার রাতে এক অনুষ্ঠানে হাছান মাহমুদ এসব কথা বলেন। নভোটেল এথেন্স হোটেলের বলরুমে ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষ্যে বাংলাদেশ কমিউনিটি ইন গ্রিস এই অনুষ্ঠানের আয়োজন করে। রাষ্ট্র। মন্ত্রী বলেন বঙ্গবন্ধুর ৭ই মার্চের যে ভাষণ আমাদের মুক্তিযুদ্ধের অবিচ্ছেদ্য অংশ সেই ৭ই মার্চ বিএনপি পালন করে না। এ থেকে স্বাধীনতা মুক্তিযুদ্ধে বিএনপি কতটুকু বিশ্বাস করে তা প্রমাণ হয়।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১৮.০৪.২০২৪ রুবাইয়া)

**সরকারের সব সংস্থাই দেশের স্বার্থে কাজ করে কিন্তু তা সমন্বয় নিশ্চিত করা বড় চ্যালেঞ্জ: সেনাপ্রধান**

সরকারের সব সংস্থাই দেশের স্বার্থের জন্য কাজ করে কিন্তু তাদের মধ্যে সমন্বয়ে নিশ্চিত করা বড় চ্যালেঞ্জ জানিয়েছেন সেনাবাহিনীর প্রধান এস এম শফিউদ্দিন আহমেদ। বৃহস্পতিবার বাংলাদেশ ইনস্টিটিউট অফ ইন্টারন্যাশনাল এন্ড স্ট্রাটেজিক স্টাডিজ আয়োজিত প্রতিরক্ষা কূটনীতি শীর্ষক সেমিনারে তিনি এ কথা বলেন। সেনাপ্রধান বলেন দেশের স্বার্থ ও কৌশলের জন্য সামরিক কৌশল দরকার এবং এর মাধ্যমে বিভিন্ন ইস্যুতে বিভিন্ন দেশের সঙ্গে আমাদের অবদানের স্থান ঠিক করে বিচ্ছিন্নভাবে এটা অর্জন করার সুযোগ নেই। মাঝে মাঝে তাই আমাদের ভাবনা আসে কে নেতৃত্ব দেবে বা নিয়ন্ত্রণের দায়িত্ব কার হাতে থাকবে। এটি কখনো কখনো সমস্যা তৈরি করে বলে তিনি জানান।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১৮.০৪.২০২৪ রুবাইয়া)

## চিকিৎসক ও রোগির স্বাস্থ্য সুরক্ষায় জাতীয় সংসদে বিল পাস করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী

চিকিৎসক ও রোগীর স্বাস্থ্য সুরক্ষায় জাতীয় সংসদে স্বাস্থ্য সুরক্ষায় বিল পাস করা হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডাক্তার সামন্ত লাল সেন। তিনি বৃহস্পতিবার দুপুরে কুমিল্লা মেডিকেল কলেজ অডিটরিয়ামে এক মত বিনিময় সভায় এসব কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বিদেশে চিকিৎসা নিরুৎসাহিত করতে দেশের চিকিৎসকদের আরো বেশি সেবা দেয়ার অনুরোধ জানান। এছাড়া সংসদ সদস্যদের দাবির প্রেক্ষিতে কুমিল্লায় একটি ক্যান্সার হাসপাতাল নির্মাণের প্রতিশ্রুতিও দেন মন্ত্রী। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১৮.০৪.২০২৪ রুবাইয়া)

## পশু পালন মাংস উৎপাদন ও প্রক্রিয়াকরণ স্বাস্থ্যসম্মত উপায়ে করার তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী

পশু পালন মাংস উৎপাদন ও প্রক্রিয়াকরণ স্বাস্থ্যসম্মত উপায়ে করার তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন উৎপাদন প্রক্রিয়করণে আরো যত্নবান হতে হবে। বৃহস্পতিবার রাজধানীর আগারগাঁওয়ে পুরাতন বাণিজ্য মেলার মাঠে প্রাণী সম্পদ সেবা সপ্তাহ প্রদর্শনীয় ২০২৪ উদযাপন উপলক্ষে অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন আমাদের হালাল মাংস পৃথিবীর অনেক দেশ নিতে চায় সেই সুযোগটা আমাদের নিতে হবে। সেজন্য লালন পালন জবাই এবং প্রক্রিয়াকরণ নিয়ম অনুযায়ী হচ্ছে কিনা দেখতে হবে। সরকার প্রধান আরো বলেন রাস্তাঘাটে যত্রতত্র কোরবানি করে পরিবেশ নষ্ট করা যাবে না। পশুর মাংসের বাইরে চামড়া, রক্ত, বর্জ্য সহ অনেক কিছুই কাজে লাগে। এগুলো সংরক্ষণ ও কাজে লাগাতে হবে।(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৮.০৪.২০২৪ রুবাইয়া)

## মার্কিন সাময়িকী টাইমস এর করা ১০০ ব্যক্তির তালিকায় স্থান পেয়েছে বাংলাদেশী মেরিনা তাবাসসুম

খ্যাতনামা মার্কিন সাময়িকী টাইমসের করা বিশেষ প্রভাবশালী ১০০ ব্যক্তির তালিকায় স্থান পেয়েছেন বাংলাদেশী মেরিনা তাবাসসুম। তিনি একজন স্থপতি। ২০২৪ সালে প্রভাবশালী ১০০ ব্যক্তির এই তালিকা প্রকাশ করেছে টাইম। তালিকায় উদ্ভাবক শ্রেণীতে স্থান পেয়েছেন মেরিনা তাবাসসুম। তার সঙ্গে তালিকায় থাকা প্রভাবশালী ব্যক্তিদের মধ্যে রয়েছে রাশিয়ার উইলিয়া নাভালনায়া ও শান্তিতে নোবেল জয়ী ইরানের মানবাধিকার কর্মীর নার্গিস মোহাম্মদী পোল্যান্ডের প্রধানমন্ত্রী ডোনাল্ড টাস্ক সহ পরিচিত অনেক মুখ। ভারতের চলচ্চিত্র অভিনেত্রী আলিয়া ভাট শিল্পী শ্রেণীতে তালিকায় স্থান পেয়েছেন। মেরিনা তাবাসসুম সম্পর্কে টাইম লিখেছে সাধারণ পুরস্কারজয়ী স্থপতির সঙ্গে পরোপকারের বিষয়টি তেমন উল্লেখ করা হয় না কিন্তু মেরিনা তাবাসসুম সাধারণ নন। তিনি স্থাপত্য চর্চায় এমন একটি রীতি তৈরি করেছেন যেখানে স্থানীয় সংস্কৃতি মূল্যবোধের পাশাপাশি আমাদের এই দরিদ্র যে বিপদের মধ্য দিয়ে যাচ্ছে তা অগ্রাধিকার পায়। টাইম লিখেছে জলবায়ু পরিবর্তনের বড় ঝুঁকিতে থাকা বাংলাদেশে মেরিনা তাবাসসুম এমন এক বাড়ি তৈরি করেছেন যার নির্মাণ ব্যয় যেমন কম তেমনি এই বাড়ি সহজে স্থানান্তর করা যায়।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৮.০৪.২০২৪ রুবাইয়া)

## নোয়াখালীতে বৈশাখী মেলা বসানোকে কেন্দ্র করে দুই কিশোর গ্যাং এর সংঘর্ষে এক কিশোর নিহত

নোয়াখালীর সেনবাগে বৈশাখী মেলা বসানোকে কেন্দ্র করে দুই কিশোর গ্যাং এর সংঘর্ষে শাওন নামে এক কিশোর নিহত হয়েছে। একই সময় ধারালো অস্ত্রের আঘাতে আরো সাতজন আহত হয়েছে। বুধবার রাত সাড়ে আটটার দিকে সেনবাগ উপজেলা সেবার হাটবাজারে এই সংঘর্ষ ঘটনা ঘটে। উপজেলার দক্ষিণ বাজার রামপুর গ্রামে জমাদার বাড়ির কচি মিয়ার ছেলে তিনি। এখানে উত্তর রাজা রামপুর বসিরিয়া মাদ্রাসার আলিম ২য় বর্ষের শিক্ষার্থী ছিলেন। স্থানীয়দের বরাতে পুলিশ জানায় উপজেলা প্রশাসন কিংবা থানা পুলিশের অনুমতি না নিয়ে সেবার হাটবাজারে বৈশাখী মেলা আয়োজন করা হয়। রাতে দোকান বসানো কে কেন্দ্র করে দুই কিশোর গ্যাং এর মধ্যে বিরোধ দেখা দেয়। পরে তারা সেবার হাট বাজারে ও আলী মুন্সি সড়কে মারামারিতে লিপ্ত হয়। এ সময় প্রতিপক্ষের ধারালো অস্ত্রের আঘাতে শাওনের নাড়ভুড়ি বেরিয়ে যায়। তাকে ফেনী সদর হাসপাতালে নেয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৮.০৪.২০২৪ রুবাইয়া)

## বৃহস্পতিবার দেশের সব বিভাগের দুই এক জায়গায় বৃষ্টি হতে পারে : আবহাওয়া অধিদপ্তর

বৃহস্পতিবার দেশের সব বিভাগের দুই এক জায়গায় বৃষ্টি হতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। একই সঙ্গে অব্যাহত থাকতে পারে দেশের বিস্তীর্ণ অঞ্চল জুড়ে চলমান তাপ প্রবাহ। আবহাওয়াবিদ হাফিজুর রহমান জানিয়েছেন বৃহস্পতিবার সকাল ৯ টা থেকে আগামী চব্বিশ ঘন্টায় রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, বরিশাল, চট্টগ্রাম, সিলেট বিভাগের দুই এক জায়গায় অস্থায়ীভাবে দমকা বা ঝড়ো হাওয়া সহ বৃষ্টি বা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুস্ক থাকতে পারে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৮.০৪.২০২৪ রুবাইয়া)

## গাজীপুরের টঙ্গী বাজার ও কাপাসিয়ার দলিতপুর বাজারে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে

গাজীপুরের টঙ্গী বাজার ও কাপাসিয়ার দোলতিপুর বাজারে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। একটি চালের আড়তসহ একাধিক দোকান পুড়ে গেছে। টঙ্গী ফায়ার সার্ভিসের ডিউটি অফিসার সাইফুল ইসলাম জানান বুধবার রাত সাড়ে

বারোটার দিকে এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। পরে ফায়ার সার্ভিসের ৫টি ইউনিট প্রায় তিন ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনে। স্থানীয়রা জানান বুধবার রাতে সোনা বান মার্কেট এর বিপরীত দিকে একটি মশালের দোকান থেকে এই আগুনের সুত্রপাত হয়। আগুনে একটি চালের আড়ত এবং আলু ও পেয়াজের কয়েকটি দোকান পুড়ে যায়। এদিকে বুধবার রাতে ১১ টার দিকে গাজীপুরের কাপাসিয়ার শ্রীপুর সড়কে মতিপুর বাজারেও তোতা মার্কেটেও অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ১৮.০৪.২০২৪ রুবাইয়া)

## জাগো এফএম

### স্বাস্থ্যসম্মত উপায়ে পশুপালন ও মাংস প্রক্রিয়াকরণের তাগিদ প্রধানমন্ত্রীর

পশুপালন, মাংস উৎপাদন ও প্রক্রিয়াকরণ স্বাস্থ্যসম্মত উপায়ে করার তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, 'যেসব পশু পালন হয়, এগুলো স্বাস্থ্যসম্মতভাবে লালনপালন করতে হবে। উৎপাদন প্রক্রিয়াকরণে আরো যত্নবান হতে হবে।' বৃহস্পতিবার, ১৮ই এপ্রিল রাজধানীর আগারগাঁওয়ে পুরাতন বাণিজ্যমেলার মাঠে 'প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনী ২০২৪' উদযাপন অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। প্রধানমন্ত্রী বলেন, 'আমাদের হালাল মাংস পৃথিবীর অনেক দেশ নিতে চায়। সে সুযোগটা আমাদের নিতে হবে। সেজন্য লালনপালন, জবাই এবং প্রক্রিয়াকরণ নিয়ম অনুযায়ী করছি কি না, দেখতে হবে। যারা নিতে চায়, তাদের কতগুলো নিয়ম আছে, সেটা মানলে তারা নেবে। অনেক দেশ থেকে অনুরোধও পাই। অনেক জায়গায় আমাদের পশু জবাই স্বাস্থ্যসম্মতভাবে হয় না। জবাইয়ের অস্ত্র-চুরি যাতে মরিচা ধরা না হয়। জবাই ও মাংস কাটায় যদি আমরা আধুনিক প্রযুক্তি ব্যবহার করতে পারি, তাহলে ভালো হয়। বিশেষ করে কোরবানির সময় রাস্তাঘাটে যত্রতত্র কোরবানি করে পরিবেশ নষ্ট করা যাবে না। একটা সমন্বয় করা দরকার। পশুর মাংসের বাইরে চামড়া, রক্ত, বর্জ্যসহ অনেক কিছুই কাজে লাগে। এগুলো সংরক্ষণ ও কাজে লাগাতে হবে।' শেখ হাসিনা বলেন, 'ভেটেনারিকে আরো গুরুত্ব দেওয়া দরকার। আমাদের জেলায় জেলায় পশু হাসপাতাল ছিল। এখন অঞ্চলভিত্তিক যদি ফার্ম, হাসপাতাল ও সংরক্ষণাগার তৈরি করতে পারি, সে ব্যবস্থা নিতে হবে। পশুপাখির খাদ্য নিরাপদ ও স্বাস্থ্যসম্মত কি না, সেটা নিশ্চিত করতে হবে। পশুপাখির ওষুধ ও ভ্যাকসিন আমাদের নিশ্চিত করতে হবে। এজন্য বেসরকারি খাতকে এগিয়ে আসতে হবে। এজন্য চাকরির পেছনে যুবসমাজকে না দৌড়ে এ খাতে উদ্যোগী হতে হবে। আমরা উৎসাহ দিচ্ছি। আমরা চাই, প্রত্যেকে ডেইরি ফার্ম, পোল্টি ফার্ম করে এগিয়ে আসবেন। প্রাণিসম্পদেও অনলাইনে সেবা দেওয়ার কার্যক্রম চালু হয়েছে। এতে মানুষ সহজে সেবা নিতে পারবে।' প্রধানমন্ত্রী বলেন, 'শুধু দানাদার খাদ্য নয়, পশু-মাছসহ সামগ্রিক কৃষি উৎপাদনে আমাদের গবেষকরা অসামান্য সাফল্য দেখিয়েছেন। তাদের আন্তরিক ধন্যবাদ জানাই। মাংস থেকে মাছ ও সবজি অধিক পুষ্টিকর। মিঠাপানির মাছ কিন্তু আমাদের গবেষকরা এখন উদ্ভাবন করে উৎপাদন করছেন। অনেক হারিয়ে যাওয়া মাছও আমরা এখন পাচ্ছি। মাছে-ভাতে বাঙালি আমরা। আমরা সেদিকেই দৃষ্টি দিয়েছি। এখন মাছ-ভাতের অভাব নেই। কিন্তু এখন মানুষের চাহিদা মাংসে। তারা মাংস খাবে। নানা কারণে দ্রব্যমূল্য বেড়েছে।'

তিনি বলেন, 'আমাদের আমিষ আমরাই তৈরি করবো, দেশের মানুষকে দেবো। আমাদের প্রধান লক্ষ্য খাদ্যনিরাপত্তা দেওয়া। নানা পদক্ষেপের ফলে আমরা এখন অল্পসময়ে বেশি খাদ্য উৎপাদন করতে পারি। গবাদিপশু এখন সাত কোটি, বিএনপির আমল থেকে দুইগুণ বেশি বৃদ্ধি করতে পেরেছি। আটগুণ বেশি মাংস উৎপাদন করতে সক্ষম হয়েছি। তিনি আরো বলেন, 'পেঁয়াজ নিয়ে এত ঝামেলা, এজন্য আমি বললাম, পেঁয়াজ আমরা উৎপাদন করতে পারবো না কেন? এখন ৪০ ভাগ পেঁয়াজ উৎপাদন হচ্ছে। আরো গবেষণা চলছে।' সরকারপ্রধান বলেন, 'আমাদের দেশ প্রাকৃতিক দুর্যোগের দেশ। এ থেকে মানুষের জানমাল রক্ষায় বঙ্গবন্ধু যেমন পদক্ষেপ নিয়েছেন, একদিকে সাইক্লোন সেন্টার করা, অন্যদিকে মুজিবকেল্লা করেছেন। কারণ মানুষ তাদের গৃহপালিত প্রাণী রেখে আসতে চায় না। মুজিবকেল্লা নামটিও স্থানীয় মানুষদের দেওয়া। এতে মানুষের পশুপাখিও বেঁচে যায়। বাংলাদেশে গবাদিপশুর কৃত্রিম প্রজননের উদ্যোগ বঙ্গবন্ধু নিয়েছেন।' তিনি বলেন, '৭৫ এর পর যারা সরকারে এসেছে, তারা ক্ষমতাকে ব্যবহার করেছে। সেনা অফিসারদের হত্যা করেছে। প্রায় ৭৮ বার ক্যু-ই হয়েছে। জনগণের কথা তারা বিবেচনা করেনি। অনেক ঘাত-প্রতিঘাত করে ৯৬-এ আমরা সরকারে আসি। সে থেকে জাতির পিতার পদাঙ্ক অনুসরণ করে বিভিন্ন সেক্টর ধরে কাজ শুরু করি। আমাদের লক্ষ্য ছিল, কারো কাছে হাত পেতে চলবো না। জাতির পিতা বলতেন, 'ভিক্ষুক জাতির ইজ্জত থাকে না।' ২০০১ এর সরকারের সময় চালের দাম ১০ টাকা থেকে ৩০ টাকার ওপরে উঠে গেছে। সেই অবস্থা থেকে বাংলাদেশকে আমরা এগিয়ে নিয়েছি।' অনুষ্ঠানে মৎস্য ও প্রাণিসম্পদমন্ত্রী আব্দুর রহমান বক্তব্য দেন। এছাড়া মন্ত্রিপরিষদ সদস্যসহ সরকারের উচ্চপদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বক্তব্য শেষে প্রধানমন্ত্রী প্রদর্শনী ঘুরে দেখেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## বিএনপি নির্বাচন ও গণতন্ত্র বিরোধী অবস্থান নিয়েছে : ওবায়দুল কাদের

উপজেলা নির্বাচনে অংশ না নেওয়ার সিদ্ধান্ত নিয়ে বিএনপি বরাবরের মতো নির্বাচন ও দেশের গণতন্ত্র বিরোধী অবস্থান নিয়েছে বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি বলেন, 'অবাধ, নিরপেক্ষ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে উপজেলা পরিষদ নির্বাচন হবে। বিএনপি বরাবরের মতো নির্বাচন ও দেশের গণতন্ত্র বিরোধী অবস্থান নিয়েছে। সে কারণে জনগণও তাদের দিক থেকে মুখ ফিরিয়ে নিয়েছে।' বৃহস্পতিবার, ১৮ই এপ্রিল দলটির দফতর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়ার সই করা এক বিবৃতিতে ওবায়দুল কাদের এসব কথা বলেন। বিবৃতিতে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক বলেন, 'বিএনপি নেতারা উপজেলা নির্বাচন নিয়ে বিভ্রান্তিকর ও রাজনৈতিক শিষ্টাচার বহির্ভূত বক্তব্য দিচ্ছেন। বাংলাদেশ আওয়ামী লীগ গণতান্ত্রিক সংস্কৃতির বিকাশে বদ্ধপরিকর। জনগণের ক্ষমতায়ন প্রতিষ্ঠা করতে স্থানীয় সরকারের বিভিন্ন স্তরের নির্বাচনের গুরুত্ব অপরিসীম।' তিনি বলেন, 'বিএনপি নির্বাচন বিরোধী অবস্থান নেওয়ায় ভিন্ন প্রেক্ষাপটে আওয়ামী লীগকেও কৌশলগত অবস্থান নিতে হয়েছে। এ কারণে আওয়ামী লীগ এবার দলীয় প্রতীক বরাদ্দ দিচ্ছে না। দল ও দলের বাইরে জনগণের কাছে গ্রহণযোগ্য ব্যক্তি যাতে নির্বাচিত হন সেটাই আওয়ামী লীগ প্রত্যাশা করে। উপজেলা পরিষদ নির্বাচনে মন্ত্রী, এমপি ও দলীয় নেতারা যেনো কোনো ধরনের হস্তক্ষেপ করতে না পারেন সেজন্য আওয়ামী লীগের পক্ষ থেকে কঠোর সাংগঠনিক নির্দেশনা দেওয়া হয়েছে।' ওবায়দুল কাদের বলেন, 'প্রথম ধাপের নির্বাচন উপলক্ষে সারাদেশে প্রার্থীদের ব্যাপক প্রচার-প্রচারণা এবং জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ পরিলক্ষিত হচ্ছে। দেশের জনগণ যখন নির্বাচনে স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করছে বিএনপি নেতারা তখন বরাবরের মতো দেশের গণতান্ত্রিক ব্যবস্থা ও নির্বাচনকে প্রশ্নবিদ্ধ করার পাঁয়তারা চালাচ্ছেন। বিএনপি নির্বাচনি ব্যবস্থা বাধাগ্রস্ত ও গণতান্ত্রিক প্রক্রিয়া ধ্বংস করতে চায়। বাংলাদেশ আওয়ামী লীগ নির্বাচনি ব্যবস্থা ও গণতন্ত্র সুসংহত করতে নিরন্তর সংগ্রাম চালিয়ে আসছে। আমরা বিএনপির গণতন্ত্র বিরোধী অপতৎপরতা সম্পর্কে সবাইকে সচেতন ও সতর্ক থাকার অনুরোধ জানাচ্ছি। একই সঙ্গে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণ নির্বাচন অনুষ্ঠানে নির্বাচন কমিশনকে সর্বাত্মক সহযোগিতা করতে সংগঠনের নেতা-কর্মীদের অনুরোধ জানাচ্ছি।' বিবৃতিতে সেতুমন্ত্রী আরো বলেন, 'বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর-সহ বিএনপি নেতবৃন্দ লাগাতারভাবে মিথ্যাচার করে যাচ্ছেন। প্রকৃতপক্ষে গণতন্ত্র ও আইনের শাসনের প্রতি তাদের কোনো শ্রদ্ধাবোধ নেই। একদিকে তারা অগুন-সন্ত্রাসীদের লালন-পালন করছেন, অন্যদিকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সন্ত্রাসীদের বিরুদ্ধে আইনি পদক্ষেপ গ্রহণ করলে বিরোধীদল দমনের মিথ্যা অভিযোগ উপস্থাপন করছেন। বাংলাদেশের গণতান্ত্রিক ধারাবাহিকতা ও স্থিতিশীলতা বিনষ্টে বিএনপি লাগাতারভাবে ষড়যন্ত্র-চক্রান্ত ও অপতৎপরতায় লিপ্ত। দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে গণতন্ত্র ও নির্বাচন বানচালের নামে সন্ত্রাসী কর্মকাণ্ডে মেতে উঠেছিল বিএনপি। এর আগে ২০১৩, ২০১৪ ও ২০১৫ সালে বিএনপি-জামায়াত অপশক্তি সারাদেশে ভয়াবহ অগ্নিসন্ত্রাস চালিয়ে শত শত নিরীহ মানুষকে নির্বিচারে হত্যা করেছিল। তাদের এই ভয়াবহ সম্মিলিত সন্ত্রাসী কর্মকাণ্ডের বিরুদ্ধে আইনি পদক্ষেপ গ্রহণ করলেই বিএনপি নেতারা বিরোধীদল দমনের কথা বলেন।'

সরকার বেপরোয়াভাবে কাউকে কারাগারে পাঠাচ্ছে না উল্লেখ করে ওবায়দুল কাদের বলেন, 'বরং সন্ত্রাস ও সহিংসতার অভিযোগে অভিযুক্ত বিএনপি নেতা-কর্মীরা আইন ও আদালতের মুখোমুখি হচ্ছেন এবং জামিনে মুক্তিও পাচ্ছেন। তবে যারা নিরীহ মানুষকে পুড়িয়ে হত্যা করেছে, জনগণের জানমালের ক্ষয়ক্ষতি করেছে, রাষ্ট্রীয় সম্পদ ধ্বংস করেছে, সেসব সন্ত্রাসী ও তাদের গডফাদারদের বিরুদ্ধে আইনশৃঙ্খলা বাহিনী ও আদালত যথাযথ আইনি পদক্ষেপ গ্রহণ করবে। বিএনপি আইনের প্রতি শ্রদ্ধাশীল নয়। সে কারণে বিএনপি নেতারা বিরোধীদল দমনের মিথ্যা অভিযোগ তুলে সন্ত্রাসীদের সুরক্ষা দেওয়ার অপচেষ্টা করছেন। আমরা দ্ব্যর্থহীন ভাষায় বলতে চাই, আওয়ামী লীগ বিরোধীদল দমনে বিশ্বাস করে না। তবে সন্ত্রাসীদের কোনো ছাড় নেই, সে যে দলেরই হোক না কেন। সন্ত্রাসীদের বিচারের মুখোমুখি হতে হবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## আমাদের মূল্যস্ফীতি নেমে আসছে : অর্থমন্ত্রী

বাংলাদেশের মূল্যস্ফীতি নেমে আসছে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। বুধবার, ১৭ই এপ্রিল যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসিতে বিশ্বব্যাংক ও আইএমএফের বসন্তকালীন বৈঠকে অংশ নিয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, 'বিশ্বব্যাংক ও আইএমএফের সঙ্গে সম্পর্ক ভালোর দিকে যাচ্ছে। একটা প্রতিপক্ষ আছে যারা চেষ্টা করে সম্পর্ক যেনো খারাপ হয়, ভালো না হয়। আমাদের দেশের যে প্রতিপক্ষ তারা যখন দেখলো তারা কিছু করতে পারছে না, মানুষ রেসপন্স করছে না, তখন তারা নানা ভায়োলেন্স করে। এগুলো করে কোনো লাভ নেই। কারণ আওয়ামী লীগের যে সমর্থন সেটি এত গভীর এভাবে তা হবে না। জনগণ এগুলো দেখে।' মূল্যস্ফীতি নিয়ে এক প্রশ্নের জবাবে তিনি বলেন, 'মূল্যস্ফীতিটাও নেমে আসছে। এটা কত রকম ফ্যাক্টর কাজ করছে। কিন্তু আমরা তো সেটি নিয়ে কাজ করছি।' পাশের দেশগুলো মূল্যস্ফীতি নিয়ন্ত্রণ করতে পেরেছে, আমরা পারছি না কেন জানতে চাইলে তিনি বলেন, 'আমি তেমনটা মনে করি না। আমরা মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের চেষ্টা করছি।'

(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## এক লিটার সয়াবিন তেলের দাম ১৬৩ টাকা থেকে বাড়িয়ে ১৬৭ টাকা করা হয়েছে : বাণিজ্য প্রতিমন্ত্রী

বোতলের সয়াবিন তেলের দাম লিটারে ৪ টাকা বাড়ানো হয়েছে। ট্যারিফ কমিশন, বাংলাদেশ ভেজিটেবল অয়েল রিফাইনার্স এ্যান্ড বনস্পতি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশনের সঙ্গে বৈঠক করে এ সিদ্ধান্ত নিয়েছে বাণিজ্য মন্ত্রণালয়। বৃহস্পতিবার, ১৮ই এপ্রিল সচিবালয়ে সাংবাদিকদের এ তথ্য জানান বাণিজ্য প্রতিমন্ত্রী আহসানুল ইসলাম টিটু। বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, 'বোতলের এক লিটার সয়াবিন তেলের দাম ১৬৩ টাকা থেকে বাড়িয়ে ১৬৭ টাকা করা হয়েছে। খোলা সয়াবিন তেলের লিটার ১৪৯ টাকা থেকে কমিয়ে ১৪৭ টাকা করা হয়েছে। আজ থেকে এ দাম কার্যকর হবে।' তিনি বলেন, 'ভোজ্যতেল সমিতির একটি আবেদনের পরিপ্রেক্ষিতে ট্যারিফ কমিশনের সঙ্গে দ্বিপাক্ষিক একটি বৈঠক হয়েছে। আপনারা জানেন, ট্যারিফ কমিশনের পক্ষ থেকে আমরা আন্তর্জাতিক বাজার মনিটর করি। বিভিন্ন আমদানি করা পণ্যের যৌক্তিক নির্দেশক মূল্য ট্যারিফ কমিশনের মাধ্যমে অবগত হই, যাতে মূল্যটা যৌক্তিক পর্যায়ে রাখতে পারি।' প্রতিমন্ত্রী বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশে জাতীয় রাজস্ব বোর্ড, এনবিআর একটা বিশেষ বিবেচনায় ভোক্তা পর্যায়ে ১৫ শতাংশ ভ্যাট অব্যাহতি দিয়েছিল। আমদানি পর্যায়ে ভ্যাট ১৫ শতাংশ থেকে ১০ শতাংশ করা হয়েছিল। আমরা ধারণা ছিল, আমদানি করার পর দাম বাড়বে। কিন্তু দুটো সার্কুলার ছিল। একটি হচ্ছে আমদানি পর্যায়ের, আরেকটি ভোক্তা পর্যায়ের সরাসরি মিল গেট থেকে। তিনি বলেন, 'এনবিআর খুবই তৎপর রাজস্ব সংগ্রহের জন্য। আমরা কিছু আলোচনা করার আগে, তেল উৎপাদনের মিলগুলোতে চিঠি চলে গেছে, ১৬ই এপ্রিল থেকে যে পণ্যগুলো বের হবে, তাদের ১৫ শতাংশ ভ্যাট দিয়ে পণ্য বের করতে হবে। ইচ্ছা ছিল একটু সময় নিয়ে এ ব্যাপারটা দেখবো। কিন্তু আসলে সেই সুযোগ ছিল না। আমরা একটু দ্রুত সিদ্ধান্ত নেওয়ার চেষ্টা করেছি, এ জন্য যে যতক্ষণ পর্যন্ত আমরা সিদ্ধান্ত না দেবো, বাজারে সাপ্লাইয়ের একটা ব্যাঘাত ঘটবে। এটা যাতে না হয়, সে জন্যই আমরা এমন সিদ্ধান্ত নিয়েছি।' টিটু বলেন, 'আমরা যখন দাম বাড়াই, সেটা তাৎক্ষণিক কার্যকর হয় কেন, এমন প্রশ্ন থাকতে পারে। আসলে মিলগেট থেকে ভ্যাট দিয়ে পণ্য বের করতে হয়। যে কারণে এখানে অতিরিক্ত সময় দেওয়ার সুযোগ থাকে না আমাদের কাছে। আর আমদানি করে মিলগেটে এনে প্রসেস করতে ১৫ থেকে ২০ দিন সময় লাগে।' ভোজ্যতেলের নতুন দামের বিষয়ে বাণিজ্য প্রতিমন্ত্রী বলেন, 'খোলা সয়াবিন যেটা ১৪৯ টাকা ছিল লিটার, সেটা দুই টাকা কমিয়ে সর্বোচ্চ ১৪৭ টাকায় বিক্রি হবে। আর বোতলের এক লিটার সয়াবিনের দাম ১৬৩ টাকা থেকে বাড়িয়ে ১৬৭ টাকা করা হয়েছে। পাঁচ লিটার সয়াবিনের বোতল ৮০০ টাকা ছিল, সেটা বাড়িয়ে ৮১৮ টাকা নির্ধারণ করা হয়েছে। সুপার পাম অয়েলের দাম আগে নির্ধারণ করা ছিল না, এবার সর্বোচ্চ খুচরা মূল্য লিটার ১৩৫ টাকা নির্ধারণ করা হয়েছে।' খোলা সয়াবিনের দাম কমলেও, বোতলের সয়াবিনের দাম বাড়ার কারণ কী জানতে চাইলে প্রতিমন্ত্রী বলেন, 'কিছু টেকনিক্যাল কারণে খোলা সয়াবিনের দাম আমরা কমাতে পেরেছি। আর বোতল যেহেতু লেবেল করা থাকে এবং সিলড করা থাকে, ওখানে খুচরা পর্যায়ের ভ্যাট ফ্যাক্টরি পর্যায়ে আদায় করা হয়। ফলে খোলা তেলের বাজারে একটা ফ্লেক্সিবিলিটি আছে, যেটা বোতলজাত তেলের ক্ষেত্রে নেই।' তিনি বলেন, 'তেলের মূল্য কমানোর সর্বোচ্চ চেষ্টা আমরা করেছি। কিন্তু সব বোঝা যদি আমরা উৎপাদকের কাঁধে চাপিয়ে দিই তাহলে তারা নিরুৎসাহিত হবেন। এতে সাপ্লাই চেইনে অসুবিধা হবে। কাজেই সাপ্লাই চেইন নিরবচ্ছিন্ন রাখতে সয়াবিনে এ সমন্বয় করা হয়েছে।' এর আগে গত সোমবার বাংলাদেশ ভেজিটেবল অয়েল রিফাইনার্স এ্যান্ড বনস্পতি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন লিটারপ্রতি সয়াবিন তেলের দাম ১০ টাকা বাড়িয়ে ১৭৩ টাকা করার প্রস্তাব দেয়। এ বিষয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিবকে লেখা চিঠিতে বলা হয়, 'আপনার সদয় অবগতির জন্য জানাচ্ছি যে, ভোজ্য তেলের কাঁচামাল আমদানি, উৎপাদন পর্যায়ে গত ৭ই ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে জারি করা এসআরওদ্বয়ের মেয়াদ ১৫ই এপ্রিল, ২০২৪ তারিখে শেষ হচ্ছে বিধায় আগামী ১৬ই এপ্রিল, ২০২৪ তারিখ থেকে বাজারে ভোজ্য তেল সরবরাহে ভ্যাট অব্যাহতি পূর্ববর্তী মূল্যে পণ্য সরবরাহ হবে।' চিঠিতে ১৬ই এপ্রিল থেকে বোতলজাত ১ লিটার সয়াবিন তেলের দাম ১৭৩ টাকা, ৫ লিটার ৮৪৫ টাকা এবং খোলা ১ লিটার পাম তেলের দাম ১৩২ টাকা প্রস্তাব করা হয়। এর আগে ২০শে ফেব্রুয়ারি দ্রব্যমূল্য ও বাজার পরিস্থিতি পর্যালোচনা বিষয়ক টাস্কফোর্সের সভায় সয়াবিন তেলের দাম লিটারে ১০ টাকা কমিয়ে ১৬৩ টাকা করার সিদ্ধান্ত নেওয়া হয়। যা গত ১লা মার্চ থেকে কার্যকর করার কথা জানানো হয়। এর কয়েকদিন পর বাণিজ্য প্রতিমন্ত্রী বলেছিলেন, 'বাজারে ১৬৩ টাকায় প্রতিলিটার বোতলজাত সয়াবিন তেল এবং ১৪৯ টাকায় খোলা তেল পাওয়া না গেলে তাৎক্ষণিক ব্যবস্থা নেওয়া হবে।' এর আগে ২৯শে জানুয়ারি প্রধানমন্ত্রী নির্দেশনা দেওয়ার পর ৮ই ফেব্রুয়ারি এনবিআর আলাদা প্রজ্ঞাপনের মাধ্যমে ভোজ্যতেলসহ আরো তিন পণ্যের আমদানিতে শুল্ক-কর কমানোর ঘোষণা দেয়। এতে স্থানীয় পর্যায়ে পরিশোধিত সয়াবিন ও পাম তেলের উৎপাদন এবং ব্যবসা পর্যায়ে ভ্যাট পুরোপুরি প্রত্যাহার করা হয়।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## অপপ্রচার রোধে ভারতের সহযোগিতা চেয়েছে বাংলাদেশ : তথ্য প্রতিমন্ত্রী

অপপ্রচার রোধে কাজ করা ভারতীয় প্রতিষ্ঠানগুলোর সহযোগিতা চেয়েছে বাংলাদেশ। পাশাপাশি বিটিভি দেখার বিষয়ে ভারতের জনগণের আগ্রহ তৈরির বিষয়েও ভারতের সঙ্গে আলোচনা হয়েছে। বৃহস্পতিবার, ১৮ই এপ্রিল সচিবালয়ে

নিজ দফতরে বাংলাদেশে নিযুক্ত ভারতীয় হাইকমিশনার প্রণয় ভার্মার সঙ্গে বৈঠকে এ সহযোগিতা চান তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। বৈঠকের পর সাংবাদিকদের প্রতিমন্ত্রী এ তথ্য জানান। তিনি বলেন, 'আমরা বিটিভিতে একটা দুই ঘণ্টার চাঙ্ক নিয়ে আন্তর্জাতিক নিউজ বিশ্লেষণ, চলমান ঘটনাবলী এবং নিউজ প্রেজেন্টেশন শুরু করতে যাচ্ছি। সেক্ষেত্রে ভারতের যেসব নিউজ এজেন্সি আছে, বিশেষ করে এএনআই তাদের সঙ্গে সহযোগিতা করা যায় কি না। যেহেতু বিটিভি ভারতে দেখানো হয়, বিটিভিতে আমরা দুই ঘণ্টার যে চাঙ্কটা শুরু করবো, এর সময় আমরা ধীরে ধীরে বাড়াবো। এটি আমরা আন্তর্জাতিক মানের করার চেষ্টা করছি। সেখানে দক্ষিণ এশিয়ার বিভিন্ন খবরাখবর থাকবে। বাইরের দেশের খবর থাকবে। গ্লোবাল নিউজগুলো থাকবে। আমরা চিন্তা করবো ভারতের দর্শকদের আকৃষ্ট করার জন্য, আমাদের এগুলো দেখার জন্য।'

প্রতিমন্ত্রী বলেন, 'এছাড়া ভারতের যে ফিল্ম এ্যান্ড টেলিভিশন ইনস্টিটিউট আছে তাদের সঙ্গে একটা কোলাবরেশন করার চেষ্টা করবো। পাশাপাশি বিভিন্ন ধরনের এক্সচেঞ্জ প্রোগ্রাম ও ট্রেনিংয়ের।' 'মুজিব, যে সিনেমাটা কো-প্রোডাকশনে হলো। এ রকম আরো কোনো কো-প্রোডাকশনের সুযোগ আছে কি না সেটা দেখা।' তিনি আরো বলেন, 'অপপ্রচারের ব্যাপারে ভারতের কিছু ইনস্টিটিউশন আছে, সেগুলোর কাজ করার প্রক্রিয়া-পদ্ধতিগুলো বিনিময় এবং জানা-বোঝার চেষ্টা করবো। যদি ট্রেনিংয়ের প্রয়োজন হয় তবে সেক্ষেত্রে আমরা কোলাবরেশনে যাবো। এসব বিষয় নিয়ে মূলত আলাপ হয়েছে।' ভারতের নির্বাচন নিয়ে কোনো আলোচনা হয়নি বলেও জানান প্রতিমন্ত্রী। তবে পদ্ধতিগত বিষয় নিয়ে বেসিক কিছু আলোচনা হয়েছে বলেও জানিয়েছেন তিনি। প্রতিমন্ত্রী বলেন, 'আমরা মূলত সেসব বিষয় নিয়ে আলোচনা করেছি যেসব বিষয়ে কো-অপারেশনের সুযোগ রয়েছে। সেই কো-অপারেশনগুলো হলে আমি মনে করি বাংলাদেশ বিশেষভাবে বেনিফিটেড হবে। ভারতীয় দিকে ফিল্ম এবং টেলিভিশন নিয়ে যে অভিজ্ঞতা রয়েছে সেটা আমরা যতটা নেওয়ার চেষ্টা করবো, আমাদের এসব বিষয় আরেকটু ডেভেলপমেন্টের জন্য। বাংলাদেশের বিটিভি ভারতের বাজারে যাচ্ছে, দেখছে। কিন্তু কতটুকু দেখছে, আমরা আগ্রহ তৈরি করতে পারি কি না সেগুলো নিয়ে আলাপ হয়েছে।' আমাদের সিনেমা ভারতে দেখানো নিয়ে কোনো আলোচনা হয়েছে কি না জানতে চাইলে প্রতিমন্ত্রী বলেন, 'আপনি তো জোর করে কোনো কিছু দেখাতে পারবেন না। যদি কোনো পণ্যের চাহিদা থাকে বাজারে সেটা অটোমেটিক্যালি যাবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## বনানীতে চালু হলো চীনা ভিসা সেন্টার

ভিসা আবেদন জমা দিতে এখন আর বাংলাদেশি পাসপোর্টধারীদের যেতে হবে না চীনা দূতাবাসে। রাজধানীর বনানীতে চালু করা হয়েছে চীনের ভিসা সেন্টার। জানা গেছে, কূটনৈতিক ও অফিসিয়াল পাসপোর্টধারীদের ভিসার আবেদন দূতাবাসে গিয়েই করতে হবে। আগামী রোববার, ২১শে এপ্রিল থেকে শুরু হবে এই ভিসা সেন্টারের কার্যক্রম। বৃহস্পতিবার, ১৮ই এপ্রিল সকালে কামাল আতাতুর্ক এভিনিউয়ে প্রাসাদ সেন্টারে চীনের ভিসা সেন্টারের উদ্‌বোধন করেন চীনা রাষ্ট্রদূত ইয়াও ওয়েন। তিনি বলেন, 'এর মাধ্যমে দুই দেশের বাণিজ্যিক সম্পর্ক আরো দৃঢ় হবে। বেশি সংখ্যক বাংলাদেশি যাতে চীনে যেতে পারে, সেজন্যই নানা পদক্ষেপ নিয়েছে চীনা দূতাবাস।' নতুন ভিসা সেন্টারের কারণে বাংলাদেশিদের ভিসা প্রক্রিয়া আরো সহজ ও দ্রুত হবে বলেও আশা প্রকাশ করেন চীনের রাষ্ট্রদূত।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## কলকাতায় বাংলাদেশ উপ-হাইকমিশনে মুজিবনগর দিবস পালন

কলকাতায় অবস্থিত বাংলাদেশ উপ-হাইকমিশনে বুধবার, ১৭ই এপ্রিল যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশের প্রথম সরকারের শপথ গ্রহণের দিন মুজিবনগর দিবস পালন করা হয়েছে। এদিন জাতীয় পতাকা উত্তোলন করা হয় এবং মুজিব চিরঞ্জীবী মঞ্চে বঙ্গবন্ধুর আবক্ষ ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ করেন বাংলাদেশের উপ-হাইকমিশনের কর্মকর্তারা। এরপর রিয়াজুল ইসলাম কাউন্সিলর, শিক্ষা ও ক্রিয়া এবং এ এস এম আলমাস হোসেন কাউন্সিলর বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রেরিত বাণী পাঠ করে শোনান। পরবর্তীতে বাংলাদেশ গ্যালারিতে আয়োজিত অনুষ্ঠানে একটি তথ্যচিত্র প্রদর্শন করা হয়। মুজিবনগর দিবস নিয়ে আলোচনা করেন বিশিষ্ট সাংবাদিক সুখরঞ্জন দাশগুপ্ত। ১৯৭১ সালের ১৭ই এপ্রিল মেহেরপুরের বৈদ্যনাথ তলায় ঐতিহাসিক শপথ অনুষ্ঠানের সংবাদ সংগ্রহের প্রত্যক্ষ অভিজ্ঞতা বিস্তারিত তুলে ধরেন সুখরঞ্জন দাশগুপ্ত। তিনি বলেন, 'শেখ হাসিনা সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র এখনো থেমে নেই। এ ব্যাপারে সবাইকে সজাগ থাকার আহ্বান জানাচ্ছি।' এরপর সমাপনী বক্তব্যে উপ-হাইকমিশনার আন্দালিব ইলিয়াস বঙ্গবন্ধু স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, 'বঙ্গবন্ধু শেষ মুহূর্ত পর্যন্ত গণতান্ত্রিক প্রক্রিয়ার মাধ্যমে মানুষের অধিকার আদায়ের চেষ্টা করেছিলেন। বঙ্গবন্ধু দিক নির্দেশনা মূলক নেতৃত্বের কারণে জাতীয় চার নেতা নিশ্চিত করেছিলেন যে বাংলাদেশের সরকার আন্তর্জাতিক গণমাধ্যমের উপস্থিতিতে বাংলাদেশের মাটিতেই শপথ নেবে। ১৯৭১ সালের ১৭ই এপ্রিল ঐতিহাসিক মুজিবনগরে বাংলাদেশ সরকারের শপথ গ্রহণের কারণে মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে আন্তর্জাতিক বিশ্বে বাংলাদেশ সরকারের পক্ষে সমর্থন আদায় সহজ হয়েছিল।'

উপ-হাইকমিশনার আন্দালিব ইলিয়াস বর্তমান অভাবনীয় উন্নতির উদাহরণ দিয়ে বলেন, 'মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশ আজ স্মার্ট বাংলাদেশে রূপান্তরিত হয়ে এগিয়ে চলছে। যা একসময় বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় রূপ নেবে।' উপ-কমিশনার আন্দালিব ইলিয়াস এ লক্ষ্য পুরনে অংশ নিতে সবাইকে আহ্বান জানান। পুরো অনুষ্ঠানটি পরিচালনা করেন কলকাতাস্থ উপ-হাইকমিশনের দ্বিতীয় সচিব, রাজনৈতিক মারেফাত তারিকুল ইসলাম। সর্বশেষ বিশেষ মোনাজাতের মাধ্যমে অনুষ্ঠান সমাপ্ত হয়। বাংলাদেশের মেহেরপুর জেলার বৈদ্যনাথ তলার আম্রকাননে স্বাধীন বাংলাদেশের প্রথম সরকারের শপথ গ্রহণ অনুষ্ঠান শেষ হওয়ার কয়েক ঘন্টার মধ্যে সেখানে হামলা চালায় পাকিস্তানি হানাদার বাহিনী। মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে বাংলাদেশ সরকারের দাফতরিক কার্যক্রম পরিচালিত হয়েছিল কলকাতার শ্রী অরবিন্দ ভবন ৮, সেক্সপিয়ার সরণি থেকে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## ১০০ প্রভাবশালী ব্যক্তির তালিকায় বাংলাদেশের মেরিনা

টাইম ম্যাগাজিনে বিশ্বের প্রভাবশালী ১০০ ব্যক্তির তালিকায় জায়গা করে নিয়েছেন বাংলাদেশি স্থপতি মেরিনা তাবাসসুম। বুধবার ২০২৪ সালের প্রভাবশালী ১০০ ব্যক্তির তালিকা প্রকাশ করা হয়। মেরিনা তাবাসসুম সম্পর্কে টাইম ম্যাগাজিনে লেখা হয়েছে, সাধারণত পুরস্কারজয়ী স্থপতিদের সঙ্গে তাদের নিঃস্বার্থ কাজের বিষয়টি তেমন উল্লেখ করা হয় না। কিন্তু মেরিনা তাবাসসুম সাধারণ নন। তিনি স্থাপত্যচর্চায় এমন একটি রীতি তৈরি করেছেন, যেখানে স্থানীয় সংস্কৃতি ও মূল্যবোধের পাশাপাশি আমাদের এই পৃথিবী যে বিপদের মধ্য দিয়ে যাচ্ছে তা অগ্রাধিকার পেয়েছে। প্রতিবেদনে আরো বলা হয়েছে, জলবায়ু পরিবর্তনের বড় ঝুঁকিতে থাকা বাংলাদেশে মেরিনা তাবাসসুম ভিন্ন ধরনের একটি বাড়ি তৈরি করেছেন। এর নির্মাণ ব্যয় যেমন কম, তেমনি এই বাড়ি সহজে স্থানান্তরও করা যায়। তবে এবারই প্রথম নয়, স্থপতি মেরিনা তাবাসসুম এর আগে ২০২১ সালে মানবিক ঘর তৈরির জন্য যুক্তরাজ্যের মর্যাদাপূর্ণ সন পদক পান। ২০২০ সালে ব্রিটিশ সাময়িকী প্রসপেক্ট-এর ৫০ জন চিন্তাবিদের মধ্যে শীর্ষ ১০-এর তৃতীয় স্থানে জায়গা করে নেন তিনি। তাবাসসুমকে নিঃস্বার্থ স্থপতি উল্লেখ করে টাইম ম্যাগাজিনে লেখা হয়েছে, তাবাসসুমের নকশা করা ভবনগুলোর মাঝেও তার নিঃস্বার্থ কাজের পরিচয় প্রকাশ পেয়েছে। তিনি তার নিজের সৃষ্টির প্রতি বেশ যত্নশীল বলা যায়। আগা খান পুরস্কারপ্রাপ্ত ঢাকার বাইত উর রউফ মসজিদ নিয়ে তাবাসসুম নিজে বলেছেন, 'কৃত্রিম কোনো সাহায্য ছাড়াই একটি ভবনকে শ্বাস-প্রশ্বাস নিতে দিতে হবে।' আবহাওয়ার পরিবর্তনের কারণে বন্যা ঝুঁকি বাড়তে থাকা একটি দেশে তিনি এমন সব বাড়ির নকশা করেছেন যেগুলো কম খরচে নির্মাণ করা যায় এবং সহজে সরিয়ে ফেলা যায়।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## যেভাবেই হোক স্বাস্থ্য সুরক্ষা আইন পাস করাবো : স্বাস্থ্যমন্ত্রী

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ডা. সামন্ত লাল সেন বলেছেন, 'আমি যেমন চিকিৎসকদের সুরক্ষা নিশ্চিত করবো, তেমনি রোগীদের সুরক্ষা নিশ্চিত করাও আমার দায়িত্ব। আমি চিকিৎসকেরও মন্ত্রী, রোগীদেরও মন্ত্রী। দুজনের সুরক্ষা নিশ্চিত করার একমাত্র পন্থা হলো স্বাস্থ্য সুরক্ষা আইন। মন্ত্রী হওয়ার পরে আমি এ বিষয়ে চারটি সভা করেছি। কথা দিচ্ছি, যেভাবেই হোক স্বাস্থ্য সুরক্ষা আইন জাতীয় সংসদে পাস করাবো।' বৃহস্পতিবার, ১৮ই এপ্রিল সকালে কুমিল্লায় দুইদিনের সফরের শেষ দিনে কুমিল্লা মেডিকেল কলেজ হাসপাতালে অনুষ্ঠিত মত বিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এ আশা ব্যক্ত করেন তিনি। প্রান্তিক অঞ্চলের স্বাস্থ্যসেবা প্রসঙ্গে তিনি বলেন,' মন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণ করার পর থেকে আমি সবসময় একটি কথায় বলে এসেছি, প্রান্তিক এলাকায় জরুরি স্বাস্থ্যসেবা বা অন্যান্য সেবা উন্নত হলে দেশের চিকিৎসা ব্যবস্থার উন্নয়ন হবে। প্রান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্যসেবা নিশ্চিত হলে শহরের ওপর চাপ কমবে। আমি নিজেই প্রত্যন্ত এলাকা থেকে উঠে এসেছি। আমি সব জানি। তাই প্রান্তিক এলাকায় জরুরি স্বাস্থ্যসেবা ও সবধরনের স্বাস্থ্যসেবা নিশ্চিত করা মন্ত্রী হিসেবে আমার দায়িত্ব।'

মত বিনিময় সভায় কুমিল্লায় একটি বিশেষায়িত হাসপাতালের প্রয়োজনীয়তা প্রসঙ্গে স্থানীয় সংসদ সদস্য আ ক ম বাহাউদ্দিন বাহার বলেন, 'বৃহত্তর কুমিল্লা এবং বৃহত্তর নোয়াখালী মিলে প্রায়ই আড়াই কোটি লোক এখানে বাস করে। প্রতিদিন ক্যানসার রোগী আমার কাছে সাহায্য নিতে আসে। একটা দিনও বাদ যায় না। সমাজকল্যাণ থেকে আমরা ৫০ হাজার টাকা দিই। প্রতিবছর ৫০ লাখ টাকা দিই এলাকার দরিদ্র ক্যানসার রোগীদের জন্য। আপনি একটা ক্যানসার হাসপাতাল নির্মাণ করলে এ দরিদ্র রোগীগুলো বেঁচে যাবে।' সভায় উত্থাপিত দাবিগুলোর প্রয়োজনীয়তা প্রসঙ্গে ডা. সামন্ত লাল সেন বলেন, 'আমাকে কিছু দাবির কথা বলা হয়েছে। একটা ক্যানসার হাসপাতালের দরকার আমি বুঝি। মাননীয় সংসদ সদস্যকে আমি অনুরোধ করবো। এ বিষয়ে আমাকে একটা ডিও লেটার দিন। তারপর আমি এটা নিয়ে কাজ করবো। অদূর ভবিষ্যতে আমি এখানে একটা ক্যানসার হাসপাতাল প্রতিষ্ঠা করবো।' স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ডা. আবুল বাসার মোহাম্মদ খুরশীদ আলমের সভাপতিত্বে মত বিনিময় সভায় অতিথি হিসেবে আরো উপস্থিত ছিলেন, কুমিল্লা সিটি কর্পোরেশন মেয়র ডা. তাহসীন বাহার, স্বাস্থ্যসেবা বিভাগের অতিরিক্ত সচিব মুহাম্মদ ওয়াহিদুজ্জামান, স্বাস্থ্য শিক্ষা অধিদফতরের মহাপরিচালক ডা. টিটো মিঞা প্রমুখ।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## পরীক্ষায় নম্বর না থাকলে শিক্ষার্থীরা কিছুই করতে চায় না : শিক্ষামন্ত্রী

পরীক্ষায় নম্বর না থাকলে শিক্ষার্থীরা কিছুই করতে চায় না বলে মন্তব্য করেছেন শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী নওফেল। এটি ভালো মানসিকতা নয় উল্লেখ করে এ থেকে বের হয়ে আসতে শিক্ষার্থী ও অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়েছেন তিনি। মন্ত্রী বলেন, 'আমরা এমন মানসিকতা তৈরি করেছি যে পরীক্ষায় মার্কস না থাকলে কিছুই করতে চাই না। এটা বিশেষ করে শহরাঞ্চলে দেখা যায়। সেজন্য অবশ্যই স্কাউটদের ক্রেডিট দেওয়ার প্রয়োজন আছে। আমাদের নতুন কারিকুলামের মধ্যেও স্কাউটিং থাকবে।' বৃহস্পতিবার, ১৮ই এপ্রিল বিকেলে বাংলাদেশ স্কাউটস দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। রাজধানীর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে এ অনুষ্ঠানের আয়োজন করে বাংলাদেশ স্কাউটস। শিক্ষামন্ত্রী বলেন, 'স্কাউটিং কার্যক্রম শিক্ষাক্রমের মধ্যে অবশ্যই থাকতে হবে। সেটা আমরা যাতে করতে পারি, সেজন্য আমাদের জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, এনসিটিবির যে মূল্যায়ন পদ্ধতি আছে, সেখানেও সেগুলো যাবে। এটিকে আমরা মার্কিং স্কিমের মধ্যে আনার চেষ্টা করবো। আমাদের সন্তানরাও সেটা যেন পায়। সেই ব্যবস্থা প্রণয়নের চেষ্টা আমরা করবো।' তিনি বলেন, 'প্রকৃতি থেকে শেখার মানসিকতা যদি না থাকে, তাহলে পরিবর্তিত পরিস্থিতিতে শিক্ষার্থীদের খাপ খাওয়াতে কষ্ট হবে। তাই নতুন কারিকুলামে জীবন ও জীবিকাসহ আরও অনেক বিষয় অন্তর্ভুক্ত করা হয়েছে। সেখানে এসব বিষয়ে শিখনকালীন মূল্যায়ন করা হবে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## পরিতাপের বিষয় বিএনপি ১৭ই এপ্রিল, ৭ই মার্চ পালন করে না : পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদ বলেছেন, 'পরিতাপের বিষয় বিএনপি মুজিবনগর সরকারের শপথ গ্রহণ দিবস ১৭ই এপ্রিল পালন করে না। বঙ্গবন্ধুর ৭ই মার্চের যে ভাষণ তা আমাদের মুক্তিযুদ্ধের অবিচ্ছেদ্য অংশ, সেই ৭ই মার্চও বিএনপি পালন করে না। এ থেকেই স্বাধীনতা-মুক্তিযুদ্ধে বিএনপি কতটুকু বিশ্বাস করে তা প্রমাণিত হয়।' তিনি আরো বলেন, '১৯৭১ সালে মুজিবনগর সরকারের অধীনে অন্যান্য সেক্টর কমান্ডারের মতোই ৪০০ টাকা মাসিক বেতনের কর্মচারী ছিলেন জিয়াউর রহমান।' বুধবার, ১৭ই এপ্রিল ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে বাংলাদেশ কমিউনিটি ইন গ্রিস আয়োজিত সভায় এ কথা বলেন পররাষ্ট্রমন্ত্রী। নবম 'আওয়ার ওশান কনফারেন্সে' অংশ নিতে মন্ত্রী বর্তমানে গ্রিসে রয়েছেন। মুজিবনগর দিবস স্মরণে পররাষ্ট্রমন্ত্রী বলেন, '১৯৭১ সালের ১৭ই এপ্রিল তৎকালীন কুষ্টিয়া জেলার বৈদ্যনাথতলা অর্থাৎ বর্তমান মেহেরপুর জেলার মুজিবনগরে স্বাধীন বাংলাদেশের প্রথম সরকারের শপথ গ্রহণের আগের রাতে দেশি-বিদেশি সাংবাদিকদের কলকাতা প্রেস ক্লাবে সমবেত হতে বলা হয়। গোপনীয়তার মধ্য দিয়ে তাদের পরদিন সকালে মুজিবনগরে পৌঁছানো হয় যেখান থেকে তারা সংবাদ পরিবেশন করেন।' এসময় গ্রিস প্রবাসী বাংলাদেশিদের আইনানুগ ও পরিশ্রমী জীবনের জন্য প্রশংসা করে এই সুনাম অক্ষুণ্ণ রাখতে ও সবাইকে বৈধ পথে রেমিট্যান্স পাঠাতে আহ্বান জানান পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ।

তিনি জানান, 'গ্রিক পররাষ্ট্রমন্ত্রী তার সঙ্গে বৈঠকে জানিয়েছেন যে গ্রিস আরো ৬টি দেশে দূতাবাস খোলার নীতিগত সিদ্ধান্ত নিয়েছে তার মধ্যে বাংলাদেশ অন্যতম। গ্রিস আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগসহ ত্রিশটিরও বেশি সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের নেতৃবৃন্দ এসময় পররাষ্ট্রমন্ত্রী ও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ড. হাছান মাহমুদকে ফুলেল শুভেচ্ছা জানান। গ্রিস আওয়ামী লীগ সভাপতি আব্দুল মান্নান মাতুব্বরের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক মোঃ বাবুল হাওলাদারের সঞ্চালনায় বাংলাদেশ দূতাবাসের চার্জ দ্যা অ্যাফেয়ার্স মোহাম্মদ খালেদ, বাংলাদেশ কমিউনিটি ইন গ্রিস নেতৃবৃন্দের মধ্যে গোলাম মওলা, হাজী আব্দুল কুদ্দুস, আব্দুল খালেক মাতুব্বর, আহসান উল্লাহ হাসান, শেখ আল আমিন, আব্দুল কুদ্দুস মাতুব্বর, রায়হান খান, মিজানুর রহমান আলফা প্রমুখ সভায় বিশেষ অতিথি হিসেবে যোগ দেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## ছুটির পরও বুয়েটে চলছে পরীক্ষা বর্জন, ছয় দফা দাবিতে অটল শিক্ষার্থীরা

ঈদের পর বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, বুয়েট পুরোদমে খুলেছে গতকাল বুধবার। ওইদিন বিশ্ববিদ্যালয়ের ২১তম ব্যাচের টার্ম ফাইনাল পরীক্ষা ছিল। ওই পরীক্ষায় অংশ নেন মাত্র ৮ জন। বাকি এক হাজার ২৭১ জন শিক্ষার্থী পরীক্ষা বর্জন করেন। বৃহস্পতিবার, ১৮ই এপ্রিল ছিল বিশ্ববিদ্যালয়টির ২২তম ব্যাচের শিক্ষার্থীদের টার্ম ফাইনাল পরীক্ষা। তবে এ পরীক্ষায় অংশ নেননি কেউ। বুয়েট সূত্র জানায়, ২২তম ব্যাচে বর্তমানে সক্রিয় শিক্ষার্থীর সংখ্যা এক হাজার ৩০৫ জন। তাদের মধ্যে একজনও পরীক্ষার হলে উপস্থিত হননি। অর্থাৎ, শতভাগ শিক্ষার্থী এ পরীক্ষা বর্জন করেন। রাজনীতিমুক্ত ক্যাম্পাসের দাবিতে গুরুত্বপূর্ণ এ পরীক্ষা বর্জনের সিদ্ধান্ত নিয়েছেন বলে জানিয়েছেন শিক্ষার্থীরা। শিক্ষক ও শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে জানা গেছে, পরীক্ষা শুরুর নির্ধারিত সময় ছিল সকাল ৯টা। নির্ধারিত সময়ের আগেই পরীক্ষার কক্ষগুলোতে যান পরীক্ষকরা। শিক্ষার্থীদের উপস্থিতি শূন্য থাকায় সকাল সাড়ে ৯টার দিকে পরীক্ষার কক্ষ থেকে তারা বেরিয়ে যান।গত ৩০শে মার্চ প্রথমবারের মতো টার্ম ফাইনাল পরীক্ষা বর্জন করেন ২২তম ব্যাচের শিক্ষার্থীরা। এর আগে ১৮ ও ২০তম ব্যাচের শিক্ষার্থীরাও টার্ম ফাইনাল পরীক্ষা বর্জন করেন। পরীক্ষা বর্জন করে ক্যাম্পাসে রাজনীতি বন্ধসহ ছয় দফা দাবিতে অটল তারা। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## বান্দরবানে ব্যাংক ডাকাতির ঘটনায় গ্রেফতার ৫২ জন দুইদিনের রিমান্ডে

বান্দরবানের রুমায় ব্যাংক ডাকাতি, মসজিদে হামলা, টাকা ও অস্ত্র লুট এবং ব্যাংক ম্যানেজারকে অপহরণের ঘটনায় জড়িত কুকি-চিন সদস্য সন্দেহে গ্রেফতার ৫২ জনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। বৃহস্পতিবার, ১৮ই এপ্রিল পুলিশের পাঁচদিনের রিমান্ড আবেদনের পরিপ্রেক্ষিতে বান্দরবান চিফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের বিচারক মোহাম্মদ নাজমুল হোসাইন দুইদিনের রিমান্ড মঞ্জুর করেন। বিষয়টি নিশ্চিত করে আদালতের জিআরও বিশ্বজিত সিংহ জানান, 'দুটি মামলায় গ্রেফতার ৫৭ জন আসামিকে কারাগার থেকে আদালতে হাজির করা হয়। পুলিশ তাদের পাঁচদিনের রিমান্ড আবেদন করে। এদের মধ্যে ৫২ জনের দুইদিনের রিমান্ড মঞ্জুর ও একজনকে জেলগেটে জিজ্ঞাসাবাদের অনুমতি দিয়েছেন আদালত।আসামিপক্ষের আইনজীবী কাজী মহতুল হোসাইন যত্ন জানান, 'উভয়পক্ষের শুনানি শেষে আদালত ৫২ জনের রিমান্ড মঞ্জুর করেছেন। একজন অন্তঃসত্ত্বা হওয়ায় তাকে জেলগেটে জিজ্ঞাসাবাদের অনুমতি দেওয়া হয়েছে।' রিমান্ড শেষে আসামিদের আদালতে হাজির করা হলে পরবর্তী পদক্ষেপ নেওয়া হবে বলে জানান তিনি। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## রাজধানীর বনশ্রীতে আবাসিক ভবনে আগুন

রাজধানীর বনশ্রীতে একটি আবাসিক ভবনে আগুনের ঘটনা ঘটেছে। আগুন নিয়ন্ত্রণে ফায়ার সার্ভিসের দুইটি ইউনিট কাজ করছে। বৃহস্পতিবার, ১৮ই এপ্রিল দুপুর সাড়ে ১২টায় আগুন লাগার সংবাদ পায় ফায়ার সার্ভিস। বিষয়টি নিশ্চিত করেছেন ফায়ার সার্ভিস নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার লিমা খানম। তিনি বলেন, 'আজ দুপুর সাড়ে ১২টার দিকে আমাদের কাছে সংবাদ আসে- বনশ্রী সি ব্লকের একটি আবাসিক ভবনে আগুন লেগেছে। খবর পেয়ে ঘটনাস্থলে আমাদের দুটি ইউনিট কাজ করছে। প্রাথমিকভাবে আগুন লাগার কারণ ও ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যায়নি। এছাড়া হতাহতের সংবাদও পাওয়া যায়নি।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## শেয়ারবাজারে ঢালাও দরপতন

সপ্তাহের শেষ কার্যদিবস বৃহস্পতিবার, ১৮ই এপ্রিল দেশের শেয়ারবাজারে ঢালাও দরপতন হয়েছে। সিংহভাগ প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম কমার পাশাপাশি সবকটি মূল্যসূচকের বড় পতন হয়েছে। এর মাধ্যমে ঈদের পর লেনদেন হওয়া চার কার্যদিবসেই শেয়ারবাজারে দরপতন হলো। এদিন প্রধান শেয়ারবাজার ঢাকা স্টক এক্সচেঞ্জ, ডিএসইতে ৮৭ শতাংশ প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম কমেছে। অপর শেয়ারবাজার চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ, সিএসইতেও বেশিরভাগ প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম কমেছে। সিংহভাগ প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম কমলেও ডিএসইতে লেনদেনের পরিমাণ বেড়েছে। এর আগে দেশের শেয়ারবাজার অব্যাহত দরপতনের মধ্যে পড়লে ডিএসইর বাজার মূলধন এক লাখ কোটি টাকার ওপরে কমে যায়। তবে ঈদের ছুটি শুরু হওয়ার আগে টানা চার কার্যদিবস শেয়ারবাজার উর্ধ্বমুখী থাকে। ফলে ঈদের পর শেয়ারবাজার ইতিবাচক ধারায় থাকবে এমনটাই প্রত্যাশা করছিলেন বিনিয়োগকারীরা। কিন্তু ঈদের ছুটি শেষে আবার শেয়ারবাজারে টানা দরপতন দেখা দিয়েছে। ঈদের ছুটি শেষে প্রথম তিন কার্যদিবস দরপতনের পর বৃহস্পতিবার লেনদেনের শুরুতেই দাম কমার তালিকায় নাম লেখায় বেশিরভাগ প্রতিষ্ঠান। লেনদেনের শুরুতে দেখা দেওয়া এ পতন প্রবণতা লেনদেনের শেষ পর্যন্ত অব্যাহত থাকে। এমনকি লেনদেনের সময় গড়ানোর সঙ্গে সঙ্গে পতনের মাত্রা বাড়তে থাকে। ফলে অধিকাংশ প্রতিষ্ঠানের শেয়ার ও ইউনিটের দাম কমার পাশাপাশি সবকটি মূল্যসূচকের বড় পতন দিয়ে দিনের লেনদেন শেষ হয়। দিনের লেনদেন শেষে ডিএসইতে দাম বাড়ার তালিকায় নাম লিখিয়েছে মাত্র ২৯টি প্রতিষ্ঠান। বিপরীতে দাম কমেছে ৩৪২টি প্রতিষ্ঠানের। আর ২৪টির দাম অপরিবর্তিত রয়েছে। এতে ডিএসইর প্রধান মূল্যসূচক ডিএসইএক্স ৭৭ পয়েন্ট কমে ৫ হাজার ৬৮৬ পয়েন্টে নেমে গেছে। অপর দুই সূচকের মধ্যে বাছাই করা ভালো ৩০টি কোম্পানি নিয়ে গঠিত ডিএসই-৩০ সূচক আগের দিনের তুলনায় ২২ পয়েন্ট কমে ১ হাজার ৯৮৪ পয়েন্টে অবস্থান করছে। আর ডিএসই শরিয়াহ্ সূচক আগের দিনের তুলনায় ১৫ পয়েন্ট কমে ১ হাজার ২৪৬ পয়েন্টে দাঁড়িয়েছে। সবকটি মূল্যসূচক কমলেও ডিএসইতে লেনদেন বেড়ে ৫০০ কোটি টাকা ছাড়িয়ে গেছে। দিনভর বাজারটিতে লেনদেন হয়েছে ৫২২ কোটি ৫১ টাকা। আগের কার্যদিবসে লেনদেন হয় ৪৮২ কোটি ৫৩ টাকা। সে হিসেবে লেনদেন কমেছে ৩৯ কোটি ৯৮ লাখ টাকা। এই লেনদেনে সব থেকে বেশি অবদান রেখেছে এশিয়াটিক ল্যাবরেটরিসের শেয়ার। কোম্পানিটির ৩৯ কোটি ৪২ লাখ টাকার শেয়ার লেনদেন হয়েছ। দ্বিতীয় স্থানে থাকা বেস্ট হোল্ডিংয়ের ৩৩ কোটি ২১ লাখ টাকার শেয়ার লেনদেন হয়েছে। ২০ কোটি ৯৫ লাখ টাকার শেয়ার লেনদেনের মাধ্যমে তৃতীয় স্থানে রয়েছে লাভেলো আইসক্রিম। এছাড়া ডিএসইতে লেনদেনের দিক থেকে শীর্ষ দশ প্রতিষ্ঠানের তালিকায় রয়েছে, আলিফ ইন্ডাস্ট্রিজ, গোল্ডেন সন, সেন্ট্রাল ফার্মাসিউটিক্যালস, ফু-ওয়াং ফুড, প্রাইম ফাইন্যান্স ফার্স্ট মিউচুয়াল ফান্ড, ফু-ওয়াং সিরামিকস এবং মালেক স্পিনিং। অপর শেয়ারবাজার সিএসইর সার্বিক মূল্যসূচক সিএএসপিআই কমেছে ২১৫ পয়েন্ট। বাজারটিতে লেনদেনে অংশ নেওয়া ২১১টি প্রতিষ্ঠানের মধ্যে ৩৬টির দাম বেড়েছে। বিপরীতে দাম কমেছে ১৫৭টির এবং ১৮টির দাম অপরিবর্তিত রয়েছে। লেনদেন হয়েছে ১৮ কোটি ৫ লাখ টাকা। আগের দিন লেনদেন হয় ১১ কোটি ৮৬ লাখ টাকা। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে মৃত্যু ১, আক্রান্ত ২৩

সারাদেশে ডেঙ্গু আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় একজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর ডেঙ্গুতে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়ালো ২৪ জনে। এসময় হাসপাতালে ভর্তি হয়েছেন ২৩ জন ডেঙ্গুরোগী। অন্যদিকে ঢাকাসহ দেশের বিভিন্ন সরকারি-বেসরকারি হাসপাতালে বর্তমানে ডেঙ্গু নিয়ে চিকিৎসাধীন আছেন ১২০ জন। বৃহস্পতিবার (১৮ এপ্রিল) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের ইনচার্জ মো. জাহিদুল ইসলাম সই করা ডেঙ্গুবিষয়ক নিয়মিত প্রতিবেদনে এ তথ্য জানানো হয়।

স্বাস্থ্য অধিদপ্তর জানায়, বুধবার (১৭ মার্চ) সকাল ৮টা থেকে বৃহস্পতিবার সকাল ৮টা পর্যন্ত সারাদেশে ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হওয়া ২৩ জনের মধ্যে ঢাকার বাসিন্দা ৬ এবং ঢাকার বাইরের ১৭ জন। তাদের মধ্যে সবচেয়ে বেশি চট্টগ্রাম বিভাগে, ১৩ জন। অন্যদিকে গত ২৪ ঘণ্টায় মারা যাওয়া একজন বরিশাল বিভাগের বাসিন্দা। চলতি বছরের ১ জানুয়ারি থেকে ১৮ এপ্রিল পর্যন্ত সারাদেশে ডেঙ্গু আক্রান্ত হয়েছেন মোট এক হাজার ৯৩৯ জন। তাদের মধ্যে ঢাকার দুই সিটি করপোরেশন এলাকার বাসিন্দা ৬৫১ জন, আর এর বাইরের এক হাজার ২৮৮ জন।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## ঢাকা বোট ক্লাবকাণ্ডে বিচারের মুখোমুখি পরীমণি-ব্যবসায়ী নাসির

বোট ক্লাবে পরীমণিকে মারধর, হুমকি ও যৌন হয়রানির অভিযোগে ব্যবসায়ী নাসির উদ্দিন মাহমুদ এবং তুহিন সিদ্দিকী অমিসহ তিনজনের বিরুদ্ধে মামলা করা হয়। মামলাটি ঢাকার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৯ এ সাক্ষ্যগ্রহণ অবস্থায় রয়েছে। অন্যদিকে ওই রাতের ঘটনায় পরীমণির বিরুদ্ধে ব্যবসায়ী নাসির উদ্দিন মাহমুদও আদালতে একটি মামলা করেন। মামলার তদন্ত শেষে পরীমণি ও তার সহযোগী জুনায়েদ বোগদাদী জিমির বিরুদ্ধে ভাঙচুর, মারধর ও ভীতি প্রদর্শনের অভিযোগের সত্যতা পাওয়া গেছে বলে জানিয়েছে পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই)। নাসির উদ্দিনের দায়ের করা এজাহারে হত্যাচেষ্টার কথা উল্লেখ থাকলেও তদন্ত প্রতিবেদনে বলা হয়, হত্যাচেষ্টার বিষয়টি প্রমাণিত হয়নি। দণ্ডবিধি আইনের ৩২৬ ও ৫০৬ ধারায় অভিযোগ এনে ১৮ মার্চ প্রতিবেদন দাখিল করেন মামলার তদন্ত কর্মকর্তা, পিবিআই ঢাকা জেলার পরিদর্শক মো. মনির হোসেন।

বৃহস্পতিবার (১৮ এপ্রিল) ঢাকার সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট সাইফুল ইসলামের আদালতে এ মামলার দিন ধার্য ছিল। এদিন পরীমণির বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারির আবেদন করে বাদীপক্ষ। চার্জশিট গ্রহণ করে ২৫ জুন পরীমণিকে আদালতে উপস্থিত হতে সমন জারি করেন আদালত। ফলে বোট ক্লাবকাণ্ডে পরীমণি ও ব্যবসায়ী নাসির দুজনই এখন বিচারের মুখামুখি হচ্ছেন। পরীমণির মামলায় ব্যবসায়ী নাসির ও নাসিরের মামলায় পরীমণি বিচারের কাঠগড়ায় দাঁড়াতে যাচ্ছেন।

নাসির উদ্দিনের আইনজীবী আবুল কালাম মোহাম্মদ সোহেল জাগো নিউজকে বলেন, বোট ক্লাবকাণ্ডে পরীমণি ব্যবসায়ী নাসিরের নামে একটি মামলা করেন। মামলার তদন্তে পরীমণির শ্লীলতাহানির প্রমাণ পাওয়া যায়। অন্যদিকে সেখানে ব্যবসায়ী নাসিরকে মারধর ও ভীতি প্রদর্শন এবং ভাঙচুরের অভিযোগের সত্যতা তদন্তে প্রমাণিত হয়েছে। ওই রাতের দুই ঘটনার বিচার দুইভাবে চলবে। এতে বিচারে কোনো সাংঘর্ষিক অবস্থা হবে না। অন্যদিকে পরীমণির আইনজীবী নীলঞ্জনা সুরভী রিফাত জাগো নিউজকে বলেন, পরীমণির বিরুদ্ধে ব্যবসায়ী নাসিরের মামলায় প্রতিবেদন দাখিল করে পিআইবি। আমরা এখনো প্রতিবেদন হাতে পাইনি। আগামী ২৫ জুন পরীমণিকে আদালতে হাজির হতে সমন জারি করা হয়েছে। সেদিন আমরা প্রতিবেদন হাতে পাবো। এরপর আইনগত সিদ্ধান্ত নেবো।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## সোনার দামে নতুন রেকর্ড, ভরি ১ লাখ ১৯ হাজার ৬৩৮ টাকা

দশদিনের ব্যবধানে দেশের বাজারে আবার সোনার দাম বাড়ানো হয়েছে। সব থেকে ভালো মানের বা ২২ ক্যারেটের এক ভরি (১১.৬৬৪ গ্রাম) সোনা দাম ২ হাজার ৬৫ টাকা বাড়িয়ে নতুন দাম নির্ধারণ করা হয়েছে। এতে ভালো মানের এক ভরি সোনার দাম হয়েছে ১ লাখ ১৯ হাজার ৬৩৮ টাকা হয়েছে। দেশের বাজারে এর আগে কখনো সোনার এত দাম হয়নি। স্থানীয় বাজারে তেজাবী সোনার (পাকা সোনা) দাম বাড়ার পরিপ্রেক্ষিতে এ দাম বাড়ানো হয়েছে। বৃহস্পতিবার (১৮ এপ্রিল) সন্ধ্যা ৭টা থেকে এই দাম কার্যকর করা হবে বলে জানিয়েছে বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন (বাজুস)।

এর আগে গত ৮ এপ্রিল ঘোষণা দিয়ে ওই দিন থেকে ভালো মানের এক ভরি সোনার দাম ১ লাখ ১৭ হাজার ৫৭৩ টাকা নির্ধারণ করা হয়। এতে অতিতের সকাল রেকর্ড ভেঙে সোনার সর্বোচ্চ দামের নতুন রেকর্ড সৃষ্টি হয়। ১০ দিনের ব্যবধানে এখন দাম বাড়ানোর মাধ্যমে আবার নতুন রেকর্ড সৃষ্টি হলো। বৃহস্পতিবার বাজুস স্ট্যান্ডিং কমিটি অন প্রাইসিং অ্যান্ড প্রাইস মনিটরিং কমিটি বৈঠক করে দাম বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছে। পরবর্তীতে কমিটির চেয়ারম্যান মাসুদুর রহমান সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়, স্থানীয় বাজারে তেজাবী সোনার দাম বেড়েছে। তাই সার্বিক পরিস্থিতি বিবেচনায় বাজুস সোনার নতুন দাম নির্ধারণ করেছে, যা বৃহস্পতিবার সন্ধ্যা ৭টা থেকে

কার্যকর হবে। নতুন মূল্য অনুযায়ী, সব থেকে ভালো মানের বা ২২ ক্যারেটের এক ভরি সোনার দাম ২ হাজার ৬৫ টাকা বাড়িয়ে নির্ধারণ করা হয়েছে ১ লাখ ১৯ হাজার ৬৩৮ টাকা। ২১ ক্যারেটের এক ভরি সোনার দাম ১ হাজার ৯৯৪ টাকা বাড়িয়ে ১ লাখ ১৪ হাজার ২০২ টাকা নির্ধারণ করা হয়েছে। এছাড়া ১৮ ক্যারেটের এক ভরি সোনার দাম ১ হাজার ৬৫৬ টাকা বাড়িয়ে ৯৭ হাজার ৮৮৪ টাকা নির্ধারণ করা হয়েছে। তবে সনাতন পদ্ধতির এক ভরি সোনার দাম ১ হাজার ৩৮৮ টাকা কমিয়ে ৭৮ হাজার ৮০২ টাকা নির্ধারণ করা হয়েছে।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## জলবায়ু ঝুঁকি মোকাবিলায় অর্থ পেতে বিসিডিপি গঠন করবে সরকার : পরিবেশমন্ত্রী

জলবায়ু পরিবর্তনের ক্ষয়ক্ষতি মোকাবিলায় প্রয়োজনীয় অর্থ পেতে সরকার বাংলাদেশ জলবায়ু উন্নয়ন অংশীদারিত্ব, বিসিডিপি গঠন করতে যাচ্ছে বলে জানিয়েছেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী সাবের হোসেন চৌধুরী। তিনি বলেন, 'উন্নয়ন সংস্থাগুলো বিচ্ছিন্নভাবে নানান প্রতিষ্ঠানকে জলবায়ুর প্রভাব মোকাবিলায় অর্থ দিয়ে আসছে। এ ক্ষেত্রে কোনো শৃঙ্খলা না থাকায় সে অর্থের সদ্ব্যবহার হচ্ছে না। সরকারের সঙ্গে উন্নয়ন অংশীদারদের সম্পর্ক আরো শক্তিশালী করতে এই প্ল্যাটফর্ম ভূমিকা রাখবে।' বৃহস্পতিবার, ১৮ই এপ্রিল রাজধানীর হোটেল ইন্টারকন্টিনেন্টালে বাংলাদেশ ক্লাইমেট ডেভেলপমেন্ট পার্টনারশিপ, বিসিডিপি বিষয়ে উন্নয়ন সহযোগীদের সঙ্গে এক মত বিনিময় সভায় তিনি এসব কথা বলেন। পরিবেশমন্ত্রী বলেন, '২০50 সালের মধ্যে জলবায়ু পরিবর্তন মোকাবিলায় বাংলাদেশের দরকার ৫৩৪ বিলিয়ন ডলার। বাংলাদেশ ডেলটা প্ল্যান বাবদ ৪৭ বিলিয়ন, ন্যাশনাল অ্যাডাপটেশান প্ল্যান বাবদ ২৩০ বিলিয়ন, মুজিব ক্লাইমেট প্রোসপারিটি প্ল্যান বাবদ ৯০ বিলিয়ন আর ন্যাশনাল ডিটারমাইন্ড কন্ট্রিবিউশন বাস্তবায়নে দরকার ১৭৬ বিলিয়ন ডলার। আমাদের লক্ষ্য অর্জনে সক্ষম করে এমন বিনিয়োগ অর্জনে আমরা উল্লেখযোগ্য অর্থনীতি এবং অংশীদারদের সঙ্গে কাজ করতে আগ্রহী। উন্নয়ন সংস্থাগুলো একসঙ্গে কাজ করলে সমস্যার সমাধান সহজ হবে।' তিনি বলেন, 'এই অংশীদারিত্ব সরকারকে বৈশ্বিক জলবায়ু তহবিল থেকে জলবায়ু অর্থ সংগ্রহে সহায়তা করতে পারে। যার ফলে সামগ্রিক বৈশ্বিক জলবায়ু অর্থ কাঠামোর উন্নতি ঘটবে। এটি অপরিহার্য যে সরকার এই সুযোগ পূর্ণ সম্ভাবনার সঙ্গে ব্যবহার করবে। কারণ এটি জলবায়ু পরিবর্তনের সঙ্গে লড়াই করার এবং নাগরিকদের জন্য একটি টেকসই ভবিষ্যত নিশ্চিত করতে উল্লেখযোগ্য প্রভাব ফেলবে।' অনুষ্ঠানে সভাপতিত্ব করেন প্রধানমন্ত্রীর মুখ্যসচিব তোফাজ্জেল হোসেন মিয়া। এতে বক্তব্য রাখেন পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের সচিব ড. ফারহিনা আহমেদ এবং বাংলাদেশের এশীয় উন্নয়ন ব্যাংকের কান্ট্রি ডিরেক্টর এডিমন গিনটিং। মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব, জলবায়ু পরিবর্তন ইকবাল আবদুল্লাহ হারুন বিসিডিপি বাস্তবায়নের নির্দেশনা উপস্থাপন করেন। এছাড়াও বিভিন্ন মন্ত্রণালয়ের সচিব ও উন্নয়ন সংস্থার প্রতিনিধিরা বক্তব্য দেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

## ফুটবলের দেশ আর্জেন্টিনাকে ক্রিকেটে সহযোগিতা করবে বাংলাদেশ : যুব ও ক্রীড়ামন্ত্রী

বাংলাদেশের জাতীয় খেলা কাবাডি ও অন্যতম প্রধান জনপ্রিয় খেলা ক্রিকেট। এ দুটি খেলার উন্নয়নে বাংলাদেশের কাছে সহযোগিতা চেয়েছে ফুটবলের দেশ আর্জেন্টিনা। বাংলাদেশ মেসি-ম্যারাডোনার দেশে ক্রিকেট ও কাবাডির উন্নয়নে সব ধরনের সহযোগিতার আশ্বাস দিয়েছে। বৃহস্পতিবার যুব ও ক্রীড়ামন্ত্রী নাজমুল হাসান পাপনের সঙ্গে সৌজন্য সাক্ষাত করেছেন আর্জেন্টিনার রাষ্ট্রদূত মার্সেলো সি সেসা। তখন আর্জেন্টিনার রাষ্ট্রদূত ও বাংলাদেশের ক্রীড়ামন্ত্রী দুই দেশের খেলাধুলার উন্নয়নে পরস্পরের সহযোগিতা নিয়ে কথা বলেছেন। সৌজন্য সাক্ষাত শেষে যুব ও ক্রীড়ামন্ত্রী নাজমুল হাসান পাপন বলেন, 'আর্জেন্টিনা আমাদের কাছে ক্রিকেটের সহযোগিতা চেয়েছে। আমি তাদের নিশ্চয়তা দিয়েছি কিউরেটর থেকে শুরু করে যা প্রয়োজন আমরা দিতে প্রস্তুত। প্রয়োজনে আমাদের ক্রিকেটাররাও সেখানে গিয়ে খেলবে। ক্রিকেটের পাশাপাশি তারা কাবাডি নিয়েও আগ্রহ প্রকাশ করেছে। বাংলাদেশের জাতীয় খেলায় তারা একবার অংশ নিয়েছিল। আমরা কাবাডিতেও তাদের সহায়তা করতে পারি।' বাংলাদেশ ক্রিকেট ও কাবাডিতে সহায়তা দেয়ার পাশাপাশি ফুটবল এবং হকিতে আর্জেন্টিনার সাহায্য প্রত্যাশা করেছে। বিশেষ করে ফুটবলে জোর দিয়েছেন নাজমুল হাসান পাপন। ক্রীড়ামন্ত্রী বলেন 'ফুটবলে তারা বিশ্বচ্যাম্পিয়ন। অনেক ঐতিহ্য তাদের। আমরা তাদের কাছ থেকে কোচ নিতে পারি। আবার আমাদের ছেলে-মেয়েরা ওখানে গিয়ে প্রশিক্ষণ নিতে পারে। হকিতে আমাদের সম্ভাবনা রয়েছে। আবার তারাও হকিতে বিশ্বমানের। হকি নিয়ে তাদেরও আগ্রহ আছে। আমরা তাদের কী দিতে পারি, আবার তাদের কাছ থেকে আমরা কী নিতে পারি, তার বিস্তারিত আমরা একে অন্যকে দেব। এরপর মূলত কাজ শুরু হবে।' আর্জেন্টিনা রাষ্ট্রদূত মারসেলো সি উপস্থিত সাংবাদিকদের বলেন, 'সমঝোতা স্বাক্ষরের পর এটিই প্রথম আনুষ্ঠানিক সভা। অনেক বিষয় নিয়ে আলোচনা করেছি। অবশ্যই ফুটবল সেখানে প্রাধান্য পেয়েছে। এছাড়া আমরা ক্রিকেট ও হকিতে এগোতে চাই সেটাও জানিয়েছি।' এক বছর আগে সমঝোতা স্বাক্ষর হলেও তেমন কার্যকরি পদক্ষেপ না হওয়ার কারণ সম্পর্কে রাষ্ট্রদূত বলেন, 'আর্জেন্টিনা ও বাংলাদেশ দুইদিকেই নির্বাচন ছিল। আমরা এখন দুই দেশ ক্রীড়ার মাধ্যমে আরো কাছাকাছি আসতে চাই।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

**জাপানি বিনিয়োগ বাংলাদেশ অগ্রাধিকার দেয় : বিদ্যুৎ প্রতিমন্ত্রী**

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজসম্পদ প্রতিমন্ত্রী নসরুল হামিদ বলেছেন, 'জাপান বাংলাদেশের পরীক্ষিত বন্ধু। জাপানের কোম্পানিগুলোর বিনিয়োগ আমরা অগ্রাধিকার দেই।' বৃহস্পতিবার, ১৮ই এপ্রিল সচিবালয়ে প্রতিমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে আসেন বাংলাদেশে নিযুক্ত জাপানের রাষ্ট্রদূত ইওয়ামা কিমিনোরি। এসময় প্রতিমন্ত্রী এ কথা বলেন। সৌজন্য সাক্ষাৎকালে তারা পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করেন। পাশাপাশি পুনরায় প্রতিমন্ত্রী হিসেবে নিয়োগ পাওয়ায় নসরুল হামিদকে অভিনন্দন জানান জাপানের রাষ্ট্রদূত। তিনি বলেন, 'জ্বালানি মহাপরিকল্পনা, সক্ষমতা বৃদ্ধি ইত্যাদি বিষয়ে আমরা সমন্বিতভাবে কাজ করবো।' এসময় বাংলাদেশে জাপানি কোম্পানিগুলোর কার্যক্রম বাড়ানোর উদ্যোগ, বিনিয়োগ ও ভবিষ্যৎ পরিকল্পনা নিয়েও আলোচনা হয়। সাক্ষাৎকালে আরো উপস্থিত ছিলেন জাপান এক্সটার্নাল ট্রেড অর্গানাইজেশন, জেইটিআরও-এর কান্ট্রি রিপ্রেজেন্টেটিভ আন্দু ইউজি।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৪.২০২৪ প্রতীক)

# BBC

**UKRAINE WARNS OF WW3 AHEAD OF STALLED US AID VOTE**

Ukraine's prime minister has told the BBC there will be a "Third World War" if Ukraine loses its conflict with Russia, as he urged the US Congress to pass a long-stalled foreign aid bill. Denys Shmyhal expressed "careful optimism" that US lawmakers would pass the hotly contested measure, which has $61bn earmarked for Kyiv. The House of Representatives is set to vote on the package this Saturday. The proposal includes funding for Israel as well as the Indo-Pacific. (BBC Web Page: 18/04/24, FARUK)

**TWO SUSPECTED RUSSIAN SPIES ARRESTED IN GERMANY**

Two alleged spies suspected of planning to sabotage German military aid for Ukraine have been arrested in the southern German state of Bavaria. The two men, described as dual German-Russian nationals, were detained in Bayreuth on suspicion of spying for Russia, prosecutors say. The pair are accused of scouting potential targets, including US military facilities based in Germany. The main suspect, Dieter S, is suspected of a string of offences.
(BBC Web Page: 18/04/24, FARUK)

**DEADLY AFRICA HEAT CAUSED BY HUMAN-INDUCED WARMING**

A dead heatwave in West Africa and the Sahel was impossible without human-induced climate change, scientists say. Temperatures soared above 48C in Mali last month with one hospital linking hundreds of deaths to the extreme heat. Researchers say human activities like burning fossil fuels made temperatures up to 1.4C hotter than normal. A separate study on drought in Southern Africa said El Nino was to blame, rather than climate change. A number of countries in the Sahel region and across West Africa were hit by a strong heatwave that struck at the end of March and lasted into early April.
(BBC Web Page: 18/04/24, FARUK)

**EU TIGHTEN IRAN SANCTIONS AFTER ISRAEL ATTACK**

The EU has agreed to expand sanctions on Iranian producers of drones and missiles following Tehran's unprecedented attack on Israel. "It's very important to do everything to isolate Iran," European Council President Charles Michel said. The bloc already has multiple sanctions in place against Iran, including for selling drones to Russia for use in its war against Ukraine. The US has hinted it will impose its own new penalties in the coming days.
(BBC Web Page: 18/04/24, FARUK)

**QATAR REASSESSES MEDIATOR ROLE IN GAZA TRUCE TALKS**

Qatar is reassessing its role as a mediator between Israel and Hamas, the country's prime minister has said. Qatar has had a key role - along with Egypt and the US - in trying to secure a ceasefire between Israel and Hamas and the release of Israeli hostages. But Sheikh Mohammed bin Abdul Rahman Al Thani said Doha had been exploited and abused and was being undermined by those trying to score political points. He also said the current peace talks were in a "delicate phase". (BBC Web Page: 18/04/24, FARUK)

**US RE-IMPOSES OIL SANCTIONS AGAINST VENEZUELA OVER ELECTION CONCERNS**

The United States is reimposing sanctions on Venezuela's vital oil sector over what it says is the government's failure to adhere to democratic principles ahead of elections in July. The administration of US President Joe Biden said it would not renew a licence that expired early

on Thursday, and which had partially eased the punitive measures since October after a US-backed election deal was reached between the government and the Venezuela opposition in Barbados. Venezuela's President Nicolas Maduro and his representatives have not fully met the commitments made under the electoral roadmap agreement," said US Department of State spokesperson Matthew Miller. (BBC Web Page: 18/04/24, FARUK)

**DEATH TOLL IN GAZA NEARS 34,000**

The number of people killed in Israeli attacks on Gaza since the start of the war has reached 33,970, with another 76,770 wounded, according to the latest figures by the Health Ministry. Over the past 24 hours, at least 71 people were killed and 106 wounded, the ministry said. The death toll is likely far higher with thousands of bodies buried in the rubble of buildings collapsed by Israeli strikes. (BBC Web Page: 18/04/24, FARUK)

**B FASO KICKS OUT THREE FRENCH DIPLOMATS OVER SUBVERSIVE ACTIVITIES**

Burkina Faso has accused three French diplomats of "subversive activities" and ordered them to leave the country within 48 hours, according to a foreign ministry letter viewed by Reuters and Agency France-Presse (AFP) news agencies. Burkina Faso's government did not provide details of the allegations against the expelled diplomats, who it named as Gwenaelle Habouzit Reisacher. Reuters cited a source with direct knowledge of the situation as saying their expulsion was due to meetings they held with civil society leaders.
(BBC Web Page: 18/04/24, FARUK)

**::The End::**